গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

বিষয় ঃ ২০১১-১২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা প্রতিবেদন

ভূমিকা ঃ

দেশের সামষ্টিক অর্থনীতির স্থিতিশীলতা বজায় রাখা, দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, অবকাঠামো, যোগাযোগ ব্যবস্থা, মানব সম্পদের সুষ্ঠু উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সরকারি খাতে প্রয়োজনীয় বিনিয়োগ কর্মকাণ্ড পরিচালনার জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা হয়। পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) সরকারের কেন্দ্রীয় পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিষ্ঠান হিসেবে নিয়মিতভাবে এডিপিভুক্ত প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও বাস্তবায়নের সমস্যাসমূহ চিহ্নিত করে সুপারিশসহ প্রতিবেদন প্রণয়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় আইএমইডি কর্তৃক ২০১১-১২ অর্থ বছরের এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

২। **২০১১-১২ অর্থ বছরের এডিপি বরাদ্দ ঃ**

২০১১-১২ অর্থ বছরের মূল বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) ১১০৫টি প্রকল্প অন্তর্ভুক্ত ছিল এবং বরাদ্দের পরিমাণ ছিল ৪৬,০০০ কোটি টাকা। ২০১১-১২ অর্থ বছরের সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্পের জন্য মোট বরাদ্দ ৪,৯২০ কোটি টাকা (১১%) হ্রাস পেয়ে ৪১০৮০ কোটিতে দাঁড়ায় এবং প্রকল্প সংখ্যা ২৩৫টি (২১%) বৃদ্ধি পেয়ে ১৩৪০টিতে উন্নীত হয়। মূল এডিপিতে স্থানীয় মুদ্রার পরিমাণ ছিল ২৭,৩১৫ কোটি টাকা (মোট বরাদ্দের ৫৯%) এবং প্রকল্প সাহায্যের পরিমাণ ছিল ১৮,৬৮৫ কোটি টাকা (মোট বরাদ্দের ৪১%)। সংশোধিত এডিপিতে স্থানীয় মুদ্রা ও প্রকল্প সাহায্য বরাদ্দ যথাক্রমে ৫% ও ২০% হ্রাস পেয়ে ২৬০৮০ কোটি টাকা (সংশোধিত মোট বরাদ্দের ৬৩%) এবং ১৫,০০০ কোটি টাকায় (সংশোধিত মোট বরাদ্দের ৩৭%) দাঁড়ায়। নিম্নে সারণী-১ এ মূল এডিপি ও সংশোধিত এডিপি বরাদ্দের তুলনামূলক চিত্র দেয়া হলো ঃ

সারণী-১ ঃ ২০১১-১২ অর্থ বছরে মূল ও সংশোধিত এডিপি'র প্রকল্প সংখ্যা ও বরাদ্দের তুলনামূলক চিত্র

(কোটি টাকায়)

এডিপি	মোট প্রকল্প সংখ্যা	বরাদ্দ		
		মোট	স্থানীয় মুদ্রা (মোট বরাদ্দের %)	প্রকল্প সাহায্য (মোট বরাদ্দের %)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
মূল এডিপি	১১০৫	৪৬,০০০	২৭,৩১৫ (৫৯%)	১৮,৬৮৫ (৪১%)
সংশোধিত এডিপি	১৩৪০*	৪১,০৮০	২৬,০৮০ (৫৭%)	১৫,০০০* (৩৭%)
হ্রাস/বৃদ্ধি (-/+)	(+) ২৩৫	(-) ৪,৯২০	(-) ১২৩৫	(-) ৩৬৮৫
মূল এডিপির %	(+) ২১%	(-) ১১%	(-) ৫%	(-) ২০%

* ২০১১-১২ অর্থ বছরের সংশোধিত এডিপিতে ১৩৪০টি প্রকল্প (৯৯টি উপ-প্রকল্প ও ৯টি উন্নয়ন সহায়তার ক্ষেত্রসহ) রয়েছে এবং 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাতে প্রকল্প সাহায্য বাবদ ৩২৯.৫০ কোটি টাকা অবরাদ্দকৃত রয়েছে।

৩। <u>গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত এডিপিতে অভ্যন্তরীণ ও বৈদেশিক সম্পদের অবদান</u> ঃ

উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য দু'টি উৎস হতে অর্থের যোগান দেয়া হয়ে থাকে - (১) অভ্যন্তরীণ সম্পদ ও (২) বৈদেশিক সম্পদ। বৈদেশিক সম্পদের মধ্যে ঋণ এবং অনুদান হিসেবে প্রাপ্ত প্রকল্প সাহায্যসহ অন্যান্য সহায়তা যেমন, পণ্য সহায়তা, খাদ্য সহায়তা, বাজেট সাপোর্ট, বিশেষ উন্নয়ন সহায়তা/ঋণ, পলিসি ঋণ ইত্যাদি অন্তর্ভুক্ত। গত পাঁচ বছরের সংশোধিত এডিপিতে অভ্যন্তরীণ ও বৈদেশিক সম্পদের অবদান নিম্নে 'বার চার্টে' দেখানো হলো ।

লেখচিত্র-১ ঃ <u>গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত এডিপিতে অভ্যন্তরীণ ও বৈদেশিক সম্পদের তুলনামূলক অবদান</u>



সূত্রঃ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

উপর্যুক্ত চিত্র থেকে পরিলক্ষিত হয় যে, ২০০৭-০৮, ২০০৮-০৯ ও ২০০৯-১০ অর্থ বছরে বৈদেশিক সহায়তা ছিল যথাক্রমে ৬৫%, ৫৬% ও ৫৮%। অপরপক্ষে, ২০১০-১১ ও ২০১১-১২ অর্থ বছরে বৈদেশিক সহায়তা হ্রাস পেয়ে যথাক্রমে ৪৩% ও ৩৯% হয়েছে। ২০১১-১২ অর্থ বছরে বৈদেশিক সহায়তার ওপর নির্ভরশীলতা ২৬% হ্রাস পেয়েছে।

৪। <u>আর্থিক অগ্রগতি</u> ঃ

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ হতে প্রাপ্ত ব্যয়ের তথ্যানুযায়ী দেখা যায় যে, প্রতিবেদনাধীন অর্থ বছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত মোট ৪১,০৮০.০০ কোটি টাকার মধ্যে ব্যয় হয়েছে মোট ৩৮,০২২.৭৬ কোটি টাকা, যা মোট সংশোধিত বরাদ্দের ৯৩% (জাতীয় গড় আর্থিক অগ্রগতি)। এর মধ্যে স্থানীয় মুদ্রা ব্যয় হয়েছে ২৫,৪৪৭.৫৫ কোটি টাকা, যা মোট সংশোধিত স্থানীয় মুদ্রা বরাদ্দের ৯৮%। স্থানীয় মুদ্রা ব্যয়ের হার জাতীয় গড় ব্যয়ের হার (৯৩%) থেকে শতকরা ৫% বেশী। অন্যদিকে, প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ১২,৫৭৫.২১ কোটি

টাকা (সংশোধিত প্রকল্প সাহায্য বরাদ্দের ৮৪%)। প্রকল্প সাহায্য ব্যয়ের হার (৮৪%) জাতীয় গড় ব্যয়ের হার (৯৩%) থেকে ৯% কম। অর্থাৎ স্থানীয় মুদ্রার তুলনায় প্রকল্প সাহায্য ব্যয় কম হয়েছে। মোট ব্যয়িত ৩৮,০২২.৭৬ কোটি টাকার মধ্যে স্থানীয় মুদ্রা ও প্রকল্প সাহায্য ব্যয়ের অনুপাত ৬৭ঃ৩৩। পর্ববর্তী বছরে এ অনুপাতের হার ছিল ৭০ঃ৩০। ২০১১-১২ অর্থ বছরের সংশোধিত এডিপির মোট বরাদ্দের তুলনায় মোট ব্যয় ৯৩% হলেও মূল এডিপিতে প্রদত্ত বরাদ্দের তুলনায় এ ব্যয়ের হার মাত্র ৮৩% এবং পূর্ববর্তী বছরে এ ব্যয়ের হার ছিল ৮৫%। টাকার অংকে ২০১০-১১ অর্থ বছর অপেক্ষা ২০১১-১২ অর্থ বছরে ৫১৬৮ কোটি টাকা ব্যয় বৃদ্ধি পেয়েছে। একই সাথে ২০০৭-০৮ অর্থ বছর অপেক্ষা ২০১১-১২ অর্থ বছরে ব্যয় বৃদ্ধির পরিমাণ ১৯৫৬৮ কোটি টাকা বেশী। গত পাঁচ বছরের মূল ও সংশোধিত এডিপি বরাদ্দের বিপরীতে প্রকৃত ব্যয়ের তুলনামূলক বিবরণী সারণী-২ এবং লেখচিত্র-২ এ দেয়া হলো।

সারণী-২ ঃ মূল ও সংশোধিত এডিপি বরাদ্দ এবং প্রকৃত ব্যয়ের বিবরণ

(কোটি টাকায়)

অর্থবছর	মোট এডিপি বরাদ্দ		মোট ব্যয় ও এডিপি বরাদ্দের তুলনায় ব্যয়ের %		
	মূল	সংশোধিত	মোট ব্যয়	মূল বরাদ্দের %	সংশোধিত বরাদ্দের %
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
২০১১-১২	৪৬০০০	৪১০৮০	৩৮০২৩	৮৩%	৯৩%
২০১০-১১	৩৮৫০০	৩৫৮৮০	৩২৮৫৫	৮৫%	৯২%
২০০৯-১০	৩০৫০০	২৮৫০০	২৫৯১৭	৮৫%	৯১%
২০০৮-০৯	২৫৬০০	২৩০০০	১৯৭০১	৭৭%	৮৬%
২০০৭-০৮	২৬৫০০	২২৫০০	১৮৪৫৫	৭০%	৮২%

লেখচিত্র-২ ঃ মূল ও সংশোধিত এডিপি বরাদ্দ এবং প্রকৃত ব্যয়ের চিত্র

(কোটি টাকায়)



৫। **এডিপিতে শ্রেণী ভিত্তিক প্রকল্প সংখ্যা, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি ঃ**

২০১১-১২ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের শ্রেণী ভিত্তিক সংখ্যা, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতির চিত্র সারণী-৩ এ উপস্থাপন করা হলো।

সারণী-৩ ঃ ২০১১-১২ অর্থ বছরের সংশোধিত এডিপিতে শ্রেণী ভিত্তিক প্রকল্প সংখ্যা, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি

(কোটি টাকায়)

শ্রেণী ভিত্তিক কর্মসূচি/প্রকল্প সংখ্যা	সংশোধিত এডিপি ঃ ২০১১-১২						বাস্তব* অগ্রগতি (%)
	বরাদ্দ			ব্যয় (বরাদ্দের %)			
	মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাঃ (আরপিএ)	মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাঃ (আরপিএ)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
প্রধান/বিনিয়োগ প্রকল্প ঃ ১০৮৭টি	৩৬৩৮৪.৮২	২৩১৮৮.৪৮	১৩১৯৬.৩৪ (৫২১৪.৭১)	৩৪০৯৮.৩৫ (৯৪%)	২২৬৭০.১৮ (৯৮%)	১১৪২৮.১৭ (৮৭%) (৩৬৩৬.৯৪ ৭০%)	৯২%
কারিগরি সহায়তা প্রকল্প ঃ ১৮২টি	১৫২২.৯৮	৪৮.৮২	১৪৭৪.১৬ (২৬০.২০)	১১৮৭.৬৬ (৭৮%)	৪০.৬২ (৮৩%)	১১৪৭.০৪ (৭৮%) (১০৬.৯৭ ৪১%)	৬৭%
জাপানী ঋণ মওকুফ সহায়তা প্রকল্পঃ ৬২টি	১৫২৫.২০	১৫২৫.২০	--	১৪৩২.১২ (৯৪%)	১৪৩২.১২ (৯৪%)	--	৮২%
উন্নয়ন সহায়তাসহ থোক বরাদ্দের ক্ষেত্রঃ ৯টি	১৩১৭.৫০	১৩১৭.৫০	--	১৩০৪.৬৩ (৯৯%)	১৩০৪.৬৩ (৯৯%)	--	৯৯%
উপ-মোট ঃ ১৩৪০টি	৪০৭৫০.৫০	**২৬০৮০.০০**	**১৪৬৭০.৫০ (৫৪৭৪.৯১)**	**৩৮০২২.৭৬ (৯৩%)**	**২৫৪৪৭.৫৫ (৯৮%)**	**১২৫৭৫.২১ (৮৬%) (৩৭৪৩.৯১ ৬৮%)**	**৯১%**
বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা ঃ	৩২৯.৫০	--	৩২৯.৫০	--	--	--	--
মোট ঃ ১৩৪০টি	**৪১০৮০.০০**	**২৬০৮০.০০**	**১৫০০০.০০**	**৩৮০২২.৭৬ (৯৩%)**	**২৫৪৪৭.৫৫ (৯৮%)**	**১২৫৭৫.২১ (৮৪%) (৩৭৪৩.৯১ ৬৮%)**	**৯১%**

*** বাস্তব অগ্রগতি তৌলমান (Weighted Average) পদ্ধতিতে নির্ণয় করা হয়েছে।**

সারণী-৩ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, ২০১১-১২ অর্থবছরের সংশোধিত এডিপিতে—

- বিনিয়োগ প্রকল্পের আর্থিক অগ্রগতি ৯৪%, যা জাতীয় গড় অগ্রগতি (৯৩%) অপেক্ষা ১% বেশী ;
- কারিগরি সহায়তা প্রকল্পের আর্থিক অগ্রগতির হার ৭৮%, যা জাতীয় গড় অগ্রগতি (৯৩%) অপেক্ষা ১৫% কম ;
- আলোচ্য অর্থ বছরে মোট অব্যয়িত ৩০৫৭.২৪ কোটি টাকার মধ্যে (মোট বরাদ্দের ৭%) 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাতের প্রকল্প সাহায্য বাবদ ৩২৯.৫০ কোটি টাকা (মোট এডিপি বরাদ্দের ০.৮০%) অবরাদ্দকৃত রয়েছে।
- মোট অব্যয়িত ৩০৫৭.২৪ কোটি টাকার (মোট বরাদ্দের ৭%) মধ্যে স্থানীয় মুদ্রার পরিমাণ ৬৩২.৪৫ কোটি টাকা, যা মোট অব্যয়িত অর্থের ২১% এবং প্রকল্প সাহায্যের পরিমাণ ২৪২৪.৭৯ কোটি টাকা, যা মোট অব্যয়িত অর্থের ৭৯%।

৬। <u>২০১১-১২ অর্থ বছরসহ গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত এডিপি বরাদ্দ ও ব্যয়ের বিবরণ</u> ঃ

২০১১-১২ অর্থ বছরসহ গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রদত্ত বরাদ্দ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের বিবরণ সারণী-৪ এবং লেখচিত্র-৩ এ উপস্থাপন করা হলো ঃ

সারণী-৪ ঃ <u>২০১১-১২ অর্থ বছরসহ গত পাঁচ বছরের সংশোধিত এডিপিতে প্রদত্ত বরাদ্দ ও ব্যয়ের বিবরণ</u>

(কোটি টাকায়)

অর্থ বছর	প্রকল্প সংখ্যা	সংশোধিত এডিপি বরাদ্দ				ব্যয় (বরাদ্দের %)			
		মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাহায্য	সিডি/ ভ্যাট	মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাহায্য	সিডি/ ভ্যাট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
২০১১-১২	১৩৪০	৪১০৮০	২৬০৮০	১৫০০০	৯৯৬	৩৮০২৩ (৯৩%)	**২৫৪৪৮** (৯৮%)	১২৫৭৫ (৮৪%)	৭৬০ (৭৬%)
২০১০-১১	১২৯২	৩৫৮৮০	২৩৯৫০	১১৯৩০	১১০৪	৩২৮৫৫ (৯২%)	**২৩০৪৫** (৯৬%)	৯৮১০ (৮২%)	৩২ (৩%)
২০০৯-১০	১১৮৩	২৮৫০০	১৭২০০	১১৩০০	৬৫৪	২৫৯১৭ (৯১%)	১৬৪০৫ (৯৫%)	৯৫১২ (৮৪%)	৩০ (৫%)
২০০৮-০৯	১১৩৫	২৩০০০	১২৮০০	১০২০০	৫৯২	১৯৭০১ (৮৬%)	১১৮৭৩ (৯৩%)	৭৮২৮ (৭৭%)	৬৭ (১১%)
২০০৭-০৮	১১৫৪	২২৫০০	১৩৫৫০	৮৯৫০	৮২০	১৮৪৫৫ (৮২%)	১১৪৮০ (৮৫%)	৬৯৭৫ (৭৮%)	৫৬ (৭%)
পূর্ববর্তী চার বছরের গড়ঃ (২০০৭-০৮ থেকে ২০১০-১১ পর্যন্ত)		২৭৪৭০	১৬৮৭৫	১০৫৯৫	৭৯২	২৪২৩২ (৮৮%)	১৫৭০১ (৯৩%)	৮৫৩১ (৮১%)	৪৬.২৫ (৬%)

লেখচিত্র-৩ ঃ <u>২০১১-১২ অর্থ বছরসহ গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত এডিপিতে প্রদত্ত বরাদ্দ ও ব্যয়ের চিত্র</u>



সারণী-৪ পর্যালোচনা করলে দেখা যায় যে, আলোচ্য ২০১১-১২ অর্থ বছরে সংশোধিত এডিপিতে—

- আর্থিক অগ্রগতির হার মোট বরাদ্দের ৯৩%, যা পূর্ববর্তী চার বছরের গড় আর্থিক অগ্রগতির হারের (৮৮%) চেয়ে ৫% বেশী;

- স্থানীয় মুদ্রা ব্যয়ের হার ৯৮%, যা পূর্ববর্তী চার বছরের স্থানীয় মুদ্রা ব্যয়ের গড় হার (৯৩%) অপেক্ষা ৫% বেশী;
- প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ৮৪%, যা পূর্ববর্তী চার বছরের প্রকল্প সাহায্য ব্যয়ের গড় হার (৮১%) অপেক্ষা ৩% বেশী এবং
- সিডি/ভ্যাট খাতে আলোচ্য বছরে ব্যয় হয়েছে মাত্র ৭৬%, যা পূর্ববর্তী চার বছরের গড় সিডি/ভ্যাট ব্যয়ের হার (৬%) অপেক্ষা ৭০% বেশী। ২০১০-১১ অর্থ বছরে এ হার ছিল ৩%।

৭। এডিপি খাত ভিত্তিক অগ্রগতি ঃ

২০১১-১২ অর্থ বছরের সংশোধিত এডিপিভুক্ত প্রকল্পসমূহকে মোট ১৭টি অর্থনৈতিক খাতে অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত ১৭টি খাতের প্রকল্প সংখ্যা, বরাদ্দ এবং আর্থিক অগ্রগতির বিবরণ সারণী-৫ এ উপস্থাপন করা হলো। **বিস্তারিত বিবরণ প্রতিবেদনের সংযোজনী-'ক'তে সন্নিবেশিত।**

সারণী-৫ ঃ এডিপি'র খাত (১৭টি) ভিত্তিক প্রকল্প সংখ্যা, বরাদ্দ এবং আর্থিক অগ্রগতি
(আর্থিক অগ্রগতির নিম্নক্রমানুসারে)

(কোটি টাকায়)

ক্রঃ নং	এডিপি খাত	মোট প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প)	২০১১-১২ অর্থ বছরে সংশোধিত এডিপি					
			বরাদ্দ			ব্যয় (বরাদ্দের %)		
			মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাঃ	মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাঃ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
০১।	তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ	৩৮	৭২৬.০৯	৪১২.২৭	৩১৩.৮২	৭৪৬.০২ (১০২.৭৫%)	৪৫২.৪৯ (১০৯.৭৫%)	২৯৩.৫৪ (৯৩.৫৪%)
০২।	বিদ্যুৎ	৫৬ (২)	৭২০৮.১০	৪৭২৫.০০	২৪৮৩.১০	৭১৭৯.৬৫ (৯৯.৬১%)	৪৬১০.৮৪ (৯৭.৫৮%)	২৫৬৮.৮২ (১০৩.৪৫%)
০৩।	শিক্ষা ও ধর্ম	১১৭	৪৮২১.৩২	৩৭০৭.০১	১১১৪.৩১	৪৬৬০.৭৪ (৯৬.৬৭%)	৩৬৬৭.৫৮ (৯৮.৯৪%)	৯৯৩.১৬ (৮৯.১৩%)
০৪।	শিল্প	৪৭	৯৬৮.৮৮	২৯৯.৮৩	৬৬৯.০৫	৯৩২.৯৫ (৯৬.২৯%	২৭৪.৭৪ (৯১.৬৩%)	৬৫৮.২১ (৯৮.৩৮%)
০৫।	পলী- উন্নয়ন ও প্রতিষ্ঠান	৮৯ (১)	৫০৯৭.৩১	৩৪২৩.৩২	১৬৭৩.৯৯	৪৯০৫.৫৮ (৯৬.২৪%)	৩৩৯৫.১১ (৯৯.১৮%)	১৫১০.৪৭ (৯০.২৩%)
০৬।	যোগাযোগ	১৩	৮৭৭.৯৬	৮০.০০	৭৯৭.৯৬	৮৩৯.৬৫ (৯৫.৬৪%)	৭৬.৪০ (৯৫.৫০%)	৭৬৩.২৫ (৯৫.৬৫%)
০৭।	কৃষি	২২৪ (৪৮)	২৫৩৬.২৩	১৮৪৪.৩১	৬৯১.৯১	২৪২৩.৩৭ (৯৫.৫৫%)	১৮০৮.৮৫ (৯৮.০৮%)	৬১৪.৫১ (৮৮.৮১%)
০৮।	ভৌত পরিঃ, পানি সরবরাহ ও গৃহায়ণ	১৫৩	৪২৩০.৫৩	২৫০৪.০৮	১৭২৬.৪৫	৪০০৩.৭১ (৯৪.৬২%)	২৪৯৮.৫৮ (৯৯.৭৫%)	১৫০৫.১৩ (৮৭.১৮%)
০৯।	ক্রীড়া ও সংস্কৃতি	২২	১৪০.৯২	১৩৮.৫০	২.৪২	১৩২.৮৭ (৯৪.২৯%)	১৩১.৩২ (৯৪.৮২%)	১.৫৪ (৬৩.৮০%)
১০।	বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রঃ	৩০	১৩৫.০৪	১১৯.৩০	১৫.৭৪	১২৪.৮৩ (৯২.৪৪%)	১১৭.৮৯ (৯৮.৮২%)	৬.৯৪ (৪৪.১২%)
১১।	গণসংযোগ	১৫	৬২.৪১	৫৬.১৬	৬.২৫	৫৬.৮৪ (৯১.০৭%)	৫০.৫২ (৮৯.৯৬%)	৬.৩১ (১০১.০৪%)
১২।	সমাজ কল্যাণ, মহিলা বিষয়ক ও যুব উন্নয়ন	৪৯	৩২১.২৮	১৬২.৮৫	১৫৮.৪৩	২৯২.১৩ (৯০.৯৩%)	১৪৫.৫২ (৮৯.৩৬%)	১৪৬.৬২ (৯২.৫৪%)

(কোটি টাকায়)

ক্রঃ নং	এডিপি খাত	মোট প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প)	২০১১-১২ অর্থ বছরে সংশোধিত এডিপি					
			বরাদ্দ			ব্যয় (বরাদ্দের %)		
			মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাঃ	মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাঃ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
১৩।	পানি সম্পদ	৬৩ (৮)	১৪৩৯.৯০	১০২৯.৪৪	৪১০.৪৬	১২৬৮.৪০ (৮৮.১৪%)	৯৮৪.৩৬ (৯৫.৭০%)	২৮৪.০৫ (৬৯.২০%)
১৪।	স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ	৭৯ (৩১)	৩৩৮৬.৬৭	১৭০১.৫৯	১৬৮৫.০৮	২৯৬৬.৩৩ (৮৭.৫৯%)	১৫৭২.৭২ (৯২.৪৩%)	১৩৯৩.৬১ (৮২.৭০%)
১৫।	পরিবহণ	২৬৪ (৭)	৬৩৮১.৮১	৪১৭৩.৫৭	২২০৮.২৪	৫৩৬৪.০৫ (৮৪.০৫%)	৪০১৩.৯৯ (৯৬.১৮%)	১৩৫০.০৬ (৬১.১৪%)
১৬।	শ্রম ও কর্মসংস্থান	১০	১২৫.৯৭	১০৫.০০	২০.৯৭	১০৪.৪৪ (৮২.৯১%)	৯৭.৩১ (৯২.৬৮%)	৭.১৩ (৩৩.৯৮%)
১৭।	জন-প্রশাসন	৬২	৯৭২.৫৭	২৮০.২৬	৬৯২.৩১	৭১৬.৫৯ (৭৩.৬৮%)	২৪৪.৭১ (৮৭.৩২%)	৪৭১.৮৭ (৬৮.১৬ %)
উপ-মোট ঃ		**১৩৩১ (৯৭)**	**৩৯৪৩৩.০০**	**২৪৭৬২.৫০**	**১৪৬৭০.৫০**	**৩৬৭১৮.১৩ (৯৩.১২%)**	**২৪১৪২.৯২ (৯৭.৫০%)**	**১২৫৭৫.২১ (৮৫.৭২%)**
উন্নয়ন সহায়তার ক্ষেত্রঃ		**৯**	**১৩১৭.৫০**	**১৩১৭.৫০**	--	**১৩০৪.৬৩ (৭৯.২১%)**	**১৩০৪.৬৩ (৯৯.০২%)**	--
বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা ঃ		--	**৩২৯.৫০**	--	**৩২৯.৫০**	--	--	--
সর্বমোট ঃ		**১৩৪০ (৯৭)**	**৪১০৮০.০০**	**২৬০৮০.০০**	**১৫০০০.০০**	**৩৮০২২.৭৬ (৯২.৫৬%)**	**২৫৪৪৭.৫৫ (৯৭.৫৭%)**	**১২৫৭৫.২১ (৮৩.৮৩%)**

২০১১-১২ অর্থ বছরের সংশোধিত এডিপিভুক্ত খাত ভিত্তিক প্রকল্প সংখ্যা, বরাদ্দ এবং আর্থিক অগ্রগতি (সারণী-৫) বিশ্লেষণে দেখা যায় যে,

- এডিপিভুক্ত ১৭টি খাতের মধ্যে ৯টি খাতের মোট আর্থিক অগ্রগতি জাতীয় গড় আর্থিক অগ্রগতির (৯৩%) সমান বা তদূর্ধ্ব। এ খাতগুলো হলো ঃ তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ (১০৩%); বিদ্যুৎ (১০০%); শিক্ষা ও ধর্ম (৯৭%); শিল্প (৯৬%); পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান (৯৬%); যোগাযোগ (৯৬%); কৃষি (৯৬%); ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন (৯৫); এবং ক্রীড়া ও সংস্কৃতি (৯৪%);
- সংশোধিত এডিপিতে সবচেয়ে বেশী বরাদ্দ (৩৩৬৬২.৮৪ কোটি টাকা, মোট বরাদ্দের ৮২%) প্রাপ্ত ৭টি খাত হলো— বিদ্যুৎ (৭২০৮.১০ কোটি টাকা, মোট বরাদ্দের ১৮%); পরিবহণ (৬৩৮১.৮১ কোটি টাকা, মোট বরাদ্দের ১৬%); পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান (৫০৯৭.৩০ কোটি টাকা, মোট বরাদ্দের ১২%); শিক্ষা ও ধর্ম (৪৮২১.৩২ কোটি টাকা, মোট বরাদ্দের ১২%); ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন (৪২৩১.৪০ কোটি টাকা, মোট বরাদ্দের ১০%); স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ (৩৩৮৬.৬৭ কোটি টাকা, মোট বরাদ্দের ৮%); এবং কৃষি (২৫৩৬.২৩ কোটি টাকা, মোট বরাদ্দের ৬%);
- বৃহৎ বরাদ্দপ্রাপ্ত ৭টি খাতে ব্যয়ের অগ্রগতির হার হলো – বিদ্যুৎ ১০০%; শিক্ষা ও ধর্ম (৯৭%); পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান (৯৬%); কৃষি (৯৬%); ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন (৯৫%); স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ (৮৮%); এবং পরিবহণ (৮৪%);

- উক্ত ৭টি খাতে অব্যয়িত মোট অর্থের পরিমাণ ২১৫৯.৪১ কোটি টাকা (মোট এডিপি বরাদ্দের ৫%)। এর মধ্যে বিদ্যুৎ খাতের অগ্রগতি প্রায় শতভাগ (১০০%)। অবশিষ্ট ৬টি খাতের মধ্যে পরিবহণ খাতে ১০১৭.৭৭ কোটি টাকা (এ খাতে বরাদ্দের ১৬%); স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ খাতে ৪২০.৩৫ কোটি টাকা (এ খাতে বরাদ্দের ১২%); ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন ২২৭.৭০ (এ খাতে বরাদ্দের ৫%); কৃষি খাতে ১১২.৮৬ কোটি টাকা (এ খাতে বরাদ্দের ৪%); পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান খাতে ১৯১.৭২ কোটি টাকা (এ খাতে বরাদ্দের ৪%); শিক্ষা ও ধর্ম খাতে ১৬০.৫৮ কোটি টাকা (এ খাতে বরাদ্দের ৩%) অব্যয়িত রয়েছে ;
- মূল এডিপির তুলনায় সার্বিকভাবে সংশোধিত এডিপিতে ১১% বরাদ্দ এবং স্থানীয় মুদ্রা ৫% বরাদ্দ হ্রাস পেয়েছে। স্থানীয় মুদ্রায় মোট অব্যয়িত অর্থের পরিমাণ ৬৩২.৪৫ কোটি টাকা। এর মধ্যে উল্লেখযোগ্য হলো - পরিবহণ খাতে ১৫৯.৫৮ কোটি টাকা ; স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ খাতে ১২৮.৮৭ কোটি টাকা; বিদ্যুৎ খাতে ১১৪.১৬ কোটি টাকা ; এবং পানি সম্পদ খাতে ৪৪.২২ কোটি টাকা ;
- বরাদ্দের বিবেচনায় গুরুত্বপূর্ণ খাতের মধ্যে জাতীয় গড় আর্থিক অগ্রগতির (৯৩%) চেয়ে কম আর্থিক অগ্রগতি হয়েছে -পরিবহণ খাতে (৮৪%); স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ খাতে (৮৮%); এবং পানি সম্পদ খাতে (৮৮%)।
- সবচেয়ে কম অর্থ ব্যয় হয়েছে জন-প্রশাসন (৭৪%) ; এর পরেই রয়েছে শ্রম ও কর্মসংস্থান খাত (৮৩%)।

৮। মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক এডিপি বরাদ্দ ও ব্যয় ঃ

৮.১ ৫৪টি মন্ত্রণালয়/বিভাগের অধীনে ২০১১-১২ অর্থ বছরের সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্পগুলোর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক আর্থিক অগ্রগতির চিত্র সারণী-৬ এ দেখানো হলো। বিস্তারিত বিবরণ প্রতিবেদনের **সংযোজনী-'খ'** তে সন্নিবেশিত।

সারণী-৬ ঃ মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক ২০১১-১২ অর্থ বছরে প্রকল্প সংখ্যা, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি
(আর্থিক অগ্রগতির নিম্নক্রমানুসারে)

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগ	প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প)	বরাদ্দ	আর্থিক অগ্রগতি		বাস্তব** অগ্রগতি (%)
			মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	বরাদ্দের শতকরা হার	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) জাতীয় গড় (৯৩%) এর সমান বা তদূর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন ২৪টি মন্ত্রণালয়/বিভাগ						
১।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	৭	২৫৫২২.০০ ১৬৯২২.০০ ৮৬০০.০০	২৭১৭৩.২৩ ১৬৭৮১.৯৮ ১০৩৯১.২৫	১০৬.৪৭% ৯৯.১৭% ১২০.৮৩%	৯৮%
২।	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	৩৮	৭২৬০৯.০০ ৪১২২৭.০০ ৩১৩৮২.০০	৭৪৬০২.২৪ ৪৫২৪৮.৬২ ২৯৩৫৩.৬২	১০২.৭৫% ১০৯.৭৫% ৯৩.৫৪%	৯৫%

** বাস্তব অগ্রগতি তৌলমান (**Weighted Average**) পদ্ধতিতে নির্ণয় করা হয়েছে।

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগ	প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প)	বরাদ্দ	আর্থিক অগ্রগতি		বাস্তব** অগ্রগতি (%)
			মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	বরাদ্দের শতকরা হার	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৩।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	১৯	৫০১৮১.০০ ৪৭৫৮১.০০ ২৬০০.০০	৫০১৫০.৩১ ৪৭৫৫০.৩১ ২৬০০.০০	৯৯.৯৪% ৯৯.৯৪% ১০০.০০%	৯০%
৪।	প্রতিরক্ষা মন্ত্রণালয়	১৫	২৫১৬৩.০০ ২৩২৭৮.০০ ১৮৮৫.০০	২৫০৭০.৫৪ ২৩১৮৫.৫৪ ১৮৮৫.০০	৯৯.৬৩% ৯৯.৬০% ১০০.০০%	৯৩%
৫।	বিদ্যুৎ বিভাগ	৫৪ (২)	৭১৮৫৮০.০০ ৪৭০২৭০.০০ ২৪৮৩১০.০০	৭১৫৭৩৬.৯৭ ৪৫৮৮৫৫.২১ ২৫৬৮৮১.৭৬	৯৯.৬০% ৯৭.৫৭% ১০৩.৪৫%	৯৭%
৬।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	২০	৯০৮৮.৯৮ ৯০৫৮.৯৮ ৩০.০০	৯০৩৭.৩০ ৯০০৭.৩০ ৩০.০০	৯৯.৪৩% ৯৯.৪৩% ১০০.০০%	৯০%
৭।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	১৯	৮১১৪২.৪৫ ৫৪২৬১.৪৫ ২৬৮৮১.০০	৮০৫৫৩.৪৭ ৫২৯৬৮.০২ ২৭৫৮৫.৪৫	৯৯.২৭% ৯৭.৬২% ১০২.৬২%	৯৯%
৮।	শিল্প মন্ত্রণালয়	২৯	৭৮৫৫০.০০ ২১৯৪৫.০০ ৫৬৬০৫.০০	৭৭৫৯৬.৬৩ ২০৮৮৮.৫৯ ৫৬৭০৮.০৪	৯৮.৭৯% ৯৫.১৯% ১০০.১৮%	৯৮%
৯।	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	৬২ (১২)	৪১৫৩৯.০৭ ২৬২৯৯.০৭ ১৫২৪০.০০	৪১০২৮.৭০ ২৫৫৫৯.৩২ ১৫৪৬৯.৩৮	৯৮.৭৭% ৯৭.১৯% ১০১.৫১%	৬৩%
১০।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	৬	১৫০০৬.০০ ১৪৯১৫.০০ ৯১.০০	১৪৮০৬.৮৬ ১৪৭২৪.৮৬ ৮২.০০	৯৮.৬৭% ৯৮.৭৩% ৯০.১১%	৯৯%
১১।	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	১৪	২৪৬৬৩২.০০ ২০৭৯৮৯.০০ ৩৮৬৪৩.০০	২৪১৭৯৩.৩২ ২০৫২৯৬.১৩ ৩৬৪৯৭.১৯	৯৮.০৪% ৯৮.৭১% ৯৪.৪৫%	৯৫%
১২।	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	৩	১৮৪২.০০ ৩৪২.০০ ১৫০০.০০	১৮০৩.৫০ ৩০৩.৫০ ১৫০০.০০	৯৭.৯১% ৮৮.৭৪% ১০০.০০%	৯৩%
১৩।	খাদ্য মন্ত্রণালয়	৫	২৫৩৪১.০০ ২২৯০০.০০ ২৪৪১.০০	২৪৫৪২.১৮ ২২৩৪৪.২৫ ২১৯৭.৯৩	৯৬.৮৫% ৯৭.৫৭% ৯০.০৪%	৯৫%
১৪।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	২৩	১৮২৫১.৯৭ ৫০৫৫.৯৭ ১৩১৯৬.০০	১৭৫৬৮.৯৪ ৪৬৪৮.২৮ ১২৯২০.৬৬	৯৬.২৬% ৯১.৯৪% ৯৭.৯১%	৯১%
১৫।	কৃষি মন্ত্রণালয়	১০৩ (৩২)	১০২২৭৭.০০ ৮০৯১৭.০০ ২১৩৬০.০০	৯৮৩৩৯.৮৭ ৭৯৬৭৭.৬৭ ১৮৬৬২.২১	৯৬.১৫% ৯৮.৪৭% ৮৭.৩৭%	৯৫%
১৬।	ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়	৮	৮০৯৪২.০০ ৩০৩১.০০ ৭৭৯১১.০০	৭৭১৭৬.০০ ২৭৩৬.১২ ৭৪৪৩৯.৮৮	৯৫.৩৫% ৯০.২৭% ৯৫.৫৪%	৭৫%

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগ	প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প)	বরাদ্দ	আর্থিক অগ্রগতি		বাস্তব** অগ্রগতি (%)
			মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	বরাদ্দের শতকরা হার	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১৭।	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	৭ (১)	৩১৮৫৭.০০ ১৮৭৭৩.০০ ১৩০৮৪.০০	৩০৩১৫.৩৯ ১৭২২৫.৫১ ১৩০৮৯.৮৮	৯৫.১৬% ৯১.৭৬% ১০০.০৪%	৯১%
১৮।	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	১১	১১৯৩৯.০০ ১১৭২১.০০ ২১৮.০০	১১৩৫৫.৮২ ১১২০৩.৬১ ১৫২.২২	৯৫.১২% ৯৫.৫৯% ৬৯.৮২%	৯৪%
১৯।	স্থানীয় সরকার বিভাগ	১৭৬ (৪)	৮৯৪৫৫৭.২৭ ৫৬৯৩১৪.৯৮ ৩২৫২৪২.২৯	৮৪৭১৪৬.৫২ ৫৬৮৬৯৩.৭৯ ২৭৮৪৫২.৭৩	৯৪.৭০% ৯৯.৮৯% ৮৫.৬১%	৯৪%
২০।	শিক্ষা মন্ত্রণালয়	৮০	১৯৭০৮৪.০০ ১২৪৩৮৭.০০ ৭২৬৯৭.০০	১৮৬৩৪৪.৭৫ ১২৩৬০৮.১০ ৬২৭৩৬.৬৫	৯৪.৫৫% ৯৯.৩৭% ৮৬.৩০%	৮৭%
২১।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	৩৭	৪৮৮১০.০০ ৪১৯৮৪.০০ ৬৮২৬.০০	৪৬১০৪.৯২ ৪১৭৩২.২২ ৪৩৭২.৭০	৯৪.৪৬% ৯৯.৪০% ৬৪.০৬%	৯১%
২২।	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	৫	১০৩৪২.০০ ১০০০০.০০ ৩৪২.০০	৯৭১০.০৬ ৯৬২৫.১৫ ৮৪.৯১	৯৩.৮৯% ৯৬.২৫% ২৪.৮৩%	৮৮%
২৩।	আইন ও বিচার বিভাগ	৬	১১৯৭৬.০০ ১১৬৮৬.০০ ২৯০.০০	১১২১৯.৯৬ ১০৭৬৩.১০ ৪৫৬.৮৬	৯৩.৬৯% ৯২.১০% ১৫৭.৫৪%	৬২%
২৪।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	৭	৬৯৫৩.০০ ৬৯৫৩.০০ ০.০০	৬৫১১.৮৯ ৬৫১১.৮৯ ০.০০	৯৩.৬৬% ৯৩.৬৬% ০.০০	৮১%
(খ) জাতীয় গড় (৯৩%) এর কম কিন্তু ৮০% বা তদূর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন ১৮টি মন্ত্রণালয়/বিভাগ						
২৫।	পরিবেশ ও বন মন্ত্রণালয়	৩৪ (৫)	৩০২১৩.৬৪ ১৭১৮৫.২০ ১৩০২৮.৪৪	২৭৭৯৮.৭৭ ১৬৮১৩.৩১ ১০৯৮৫.৪৭	৯২.০১% ৯৭.৮৪% ৮৪.৩২%	৭২%
২৬।	পানি সম্পদ মন্ত্রণালয়	৬৬	১৫৪২৭২.৮৩ ১১৫২৯২.৮৩ ৩৮৯৮০.০০	১৪০৯৭৫.৩০ ১১২০০৯.৫৫ ২৮৯৬৫.৭৫	৯১.৩৮% ৯৭.১৫% ৭৪.৩১%	১৩৯%*
২৭।	তথ্য মন্ত্রণালয়	১৬	৬৩২১.০০ ৫৬১৬.০০ ৭০৫.০০	৫৭৫৭.৬১ ৫০৫২.০৫ ৭০৫.৫৬	৯১.০৯% ৮৯.৯৬% ১০০.০৮%	৮৭%
২৮।	বাংলাদেশ সরকারি কর্মকমিশন	১	৬০০.০০ ৬০০.০০ ০.০০	৫৪৪.২৫ ৫৪৪.২৫ ০.০০	৯০.৭১% ৯০.৭১% ০.০০	৯১%
২৯।	সড়ক বিভাগ	১৭৩ (২)	২৮৯৮০৭.০০ ২১৪১৭৩.০০ ৭৫৬৩৪.০০	২৬১৮৮৪.৩০ ২১২৩৮৭.৩০ ৪৯৪৯৭.০০	৯০.৩৭% ৯৯.১৭% ৬৫.৪৪%	৮৯%
৩০।	প্রধানমন্ত্রীর কার্যালয়	৯	২১৭১৯.০০ ১৯৬৪৩.০০ ২০৭৬.০০	১৯৫৯৬.৩৮ ১৮৪৮৩.০০ ১১১৩.৩৮	৯০.২৩% ৯৪.০৯% ৫৩.৬৩%	৮৮%

* বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রকল্পের কাজের প্রয়োজন অনুযায়ী প্রকৃত বাস্তব অগ্রগতি লক্ষ্যমাত্রা অপেক্ষা অধিক হয়েছে, যা পরবর্তী অর্থ বছরে বকেয়া হিসেবে বিল পরিশোধিত হবে।

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগ	প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প)	বরাদ্দ	আর্থিক অগ্রগতি		বাস্তব** অগ্রগতি (%)
			মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	বরাদ্দের শতকরা হার	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৩১।	জন-প্রশাসন মন্ত্রণালয়	৮	১২৮০২.৩২ ৮৫৫২.৩২ ৪২৫০.০০	১১৫৩২.৮৭ ৭৫৩১.৪৫ ৪০০১.৪২	৯০.০৮% ৮৮.০৬% ৯৪.১৫%	৯৩%
৩২।	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	১৩	৯৯৩৬.৬০ ৯৬৩৬.৬০ ৩০০.০০	৮৯২৮.৬৯ ৮৬৩৭.৬৪ ২৯১.০৫	৮৯.৮৬% ৮৯.৬৩% ৯৭.০২%	৬৪%
৩৩।	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	৯	৩৫৯৬.০০ ১৪৪৫.০০ ২১৫১.০০	৩২০৪.২৬ ১১৪৩.৬১ ২০৬০.৬৫	৮৯.১১% ৭৯.১৪% ৯৫.৮০%	৮৯%
৩৪।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	১৬	৭৭৮৭.৬২ ৭৫৪৫.৬২ ২৪২.০০	৬৯০৭.১৪ ৬৭৫২.৭৪ ১৫৪.৪০	৮৮.৬৯% ৮৯.৪৯% ৬৩.৮০%	৮০%
৩৫।	বাণিজ্য মন্ত্রণালয়	৭	১০১৪৮.০০ ৪৯৮.০০ ৯৬৫০.০০	৮৯৮৬.৬১ ৩০৯.৭৩ ৮৬৭৬.৮৮	৮৮.৫৬% ৬২.১৯% ৮৯.৯২%	৮৩%
৩৬।	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	১	৪৩২৩.০০ ২৩.০০ ৪৩০০.০০	৩৮২১.৬০ ২০.৬৭ ৩৮০০.৯৩	৮৮.৪০% ৮৯.৮৭% ৮৮.৩৯%	৮৭%
৩৭।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	৫৬ (৩১)	৩০৩৫৫৫.০০ ১৫১৬৭৬.০০ ১৫১৮৭৯.০০	২৬৬১৬৩.৩০ ১৩৯৬৮৮.৩৩ ১২৬৪৭৪.৯৭	৮৭.৬৮% ৯২.১০% ৮৩.২৭%	৮৫%
৩৮।	ভূমি মন্ত্রণালয়	১০ (১)	৭০২৫.০০ ৬৫৭৫.০০ ৪৫০.০০	৬০৮৯.০০ ৬০০৮.০০ ৮১.০০	৮৬.৬৮% ৯১.৩৮% ১৮.০০%	৮৮%
৩৯।	সমাজ কল্যাণ মন্ত্রণালয়	২৪	১৭৬৯৮.৪৮ ১৫৪২৭.৪৮ ২২৭১.০০	১৫২৭১.০৭ ১৩৮৩২.১৩ ১৪৩৮.৯৪	৮৬.২৮% ৮৯.৬৬% ৬৩.৩৬%	৮৬%
৪০।	পরিকল্পনা বিভাগ	১২	৩৬৫১.০০ ১৩৩৯.০০ ২৩১২.০০	৩১১১.৩২ ১১০১.৮৩ ২০০৯.৪৯	৮৫.২২% ৮২.২৯% ৮৬.৯২%	৮১%
৪১।	রেলপথ মন্ত্রণালয়	৫১ (৫)	২২৬৫৬৬.০০ ১৪০০২২.০০ ৮৬৫৪৪.০০	১৮৬৩৪৬.৮২ ১৩১২৭৯.৮৫ ৫৫০৬৬.৯৭	৮২.২৫% ৯৩.৭৬% ৬৩.৬৩%	৬১%
৪২।	নৌ-পরিবহণ মন্ত্রণালয়	২৭ (২)	২৭৯৩৭.৭৫ ১৮২২৩.৭৫ ৯৭১৪.০০	২২৯৪৩.২৬ ১৫৩৩০.১৪ ৭৬১৩.১২	৮২.১২% ৮৪.১২% ৭৮.৩৭%	৬২%
(গ) ৮০% এর কম কিন্তু ৬০% বা তদূর্দ্ধ আর্থিক অগ্রগতি সম্পন্ন ৭টি মন্ত্রণালয়/বিভাগ						
৪৩।	বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়	৫	১৪৪২৩.০০ ৮০০৫.০০ ৬৪১৮.০০	১০৬৬০.০২ ৬০৭৩.৬৫ ৪৫৮৬.৩৭	৭৩.৯১% ৭৫.৮৭% ৭১.৪৬%	৭৪%
৪৪।	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	৬	১৭৬৫.০০ ৩৪৩.০০ ১৪২২.০০	১৩০০.২৫ ৩১৯.৬৪ ৯৮০.৬১	৭৩.৬৭% ৯৩.১৯% ৬৮.৯৬%	৭৩%

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগ	প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প)	বরাদ্দ	আর্থিক অগ্রগতি		বাস্তব** অগ্রগতি (%)
			মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	বরাদ্দের শতকরা হার	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৪৫।	অর্থ বিভাগ	৪	১৫৯০৬.০০ ২০৮.০০ ১৫৬৯৮.০০	১১৫০৪.৪০ ১৮৫.১৬ ১১৩১৯.২৪	৭২.৩৩% ৮৯.০২% ৭২.১১%	৬২%
৪৬।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়	৬	২৮৮৩.০০ ১৮০১.০০ ১০৮২.০০	১৯৭১.৪৪ ১৭৮৮.৯৫ ১৮২.৪৯	৬৮.৩৮% ৯৯.৩৩% ১৬.৮৭%	৬৮%
৪৭।	মন্ত্রিপরিষদ বিভাগ	১	১৮৯.০০ ৩৯.০০ ১৫০.০০	১১৮.৫০ ১০.২৬ ১০৮.২৪	৬২.৭০% ২৬.৩১% ৭২.১৬%	৯৭%
৪৮।	জাতীয় সংসদ সচিবালয়	৪	২৫৪৯.৯০ ৩৪.০০ ২৫১৫.৯০	১৫৬১.৯১ ২৮.৫০ ১৫৩৩.৪১	৬১.২৫% ৮৩.৮২% ৬০.৯৫%	৫৫%
৪৯।	সেতু বিভাগ	৩	৬৮৮০৬.৫০ ১৯৫৭৯.৫০ ৪৯২২৭.০০	৪১০৬২.২৬ ১৮৪৬৪.৬৫ ২২৫৯৭.৬১	৫৯.৬৮% ৯৪.৩১% ৪৫.৯০%	৬০%
(গ) ৬০% এর কম আর্থিক অগ্রগতি সম্পন্ন ৫টি মন্ত্রণালয়/বিভাগ						
৫০।	বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়	৬	২৮২০.০০ ২৮১৮.০০ ২.০০	১৫০০.৫৪ ১৪৯৯.৫৪ ১.০০	৫৩.২১% ৫৩.২১% ৫০.০০%	৭৮%
৫১।	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	৩	১৪৭৭.০০ ৫.০০ ১৪৭২.০০	৭৬৪.৮৩ ৪.২৮ ৭৬০.৫৫	৫১.৭৮% ৮৫.৬০% ৫১.৬৭%	৫১%
৫২।	পররাষ্ট্র মন্ত্রণালয়	৩	২৫০.০০ ২৫০.০০ --	১০১.৭৮ ১০১.৭৮ --	৪০.৭১% ৪০.৭১% --	৫৪%
৫৩।	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	৭	২৩৭০.০০ ৫০০.০০ ১৮৭০.০০	৮৪৬.০১ ১০৬.৩৪ ৭৩৯.৬৭	৩৫.৭০% ২১.২৭% ৩৯.৫৫%	৩৪%
৫৪।	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	৫	১৭৪৬৪.২৫ ১৩২.২৫ ১৭৩৩২.০০	৫৩৩২.৫২ ১০৭.৯৪ ৫২২৪.৫৮	৩০.৫৩% ৮১.৬২% ৩০.১৪%	৩১%
	উপ-মোট ঃ	১৩৪০ (৯৭)	৪০৭৫০৪৯.৬৩ ২৬০৮০০০.০০ ১৪৬৭০৪৯.৬৩	৩৮০২২৭৬.৩৭ ২৫৪৪৭৫৫.৩১ ১২৫৭৫২১.০৬	৯৩.৩১% ৯৭.৫৭% ৮৫.৭২%	৯১%
	বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তাঃ	--	৩২৯৫০.৩৭ -- ৩২৯৫০.৩৭	--	--	--
	সর্বমোট ঃ	১৩৪০ (৯৭)	৪১০৮০০০.০০ ২৬০৮০০০.০০ ১৫০০০০০.০০	৩৮০২২৭৬.৩৭ ২৫৪৪৭৫৫.৩১ ১২৫৭৫২১.০৬	৯২.৫৬% ৯৭.৫৭% ৮৩.৮৩%	৯১%

সারণী-৬ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে,

- সংশোধিত এডিপিতে জাতীয় গড়ের (৯৩%) সমান ও তদূর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন মন্ত্রণালয়/বিভাগ হলো ২৪টি এবং অবশিষ্ট ৩০টি মন্ত্রণালয়/বিভাগের আর্থিক অগ্রগতি জাতীয় গড়ের নীচে ;
- সার্বিক আর্থিক অগ্রগতি তথা জাতীয় গড় হার (৯৩%) এর নীচে আর্থিক অগ্রগতি সম্পন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগগুলো হলো– পরিবেশ ও বন মন্ত্রণালয় (৯২%); পানি সম্পদ মন্ত্রণালয় (৯১%); সড়ক বিভাগ (৯০%); স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (৮৮%); রেলপথ মন্ত্রণালয় (৮২%); তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় (৬৮%); এবং সেতু বিভাগ (৬০%);
- বাস্তব অগ্রগতির জাতীয় গড় হার (৯১%) এর নীচে ভৌত অগ্রগতি সম্পন্ন মোট ৩৪টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগগুলো হলো- সড়ক বিভাগ (৮৯%); শিক্ষা মন্ত্রণালয় (৮৭%); স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (৮৫%); ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় (৭৫%); মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (৬৩%); রেলপথ মন্ত্রণালয় (৬১%); এবং সেতু বিভাগ (৩৪%);
- আলোচ্য বছরে সংশোধিত এডিপিতে ৫৪টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে স্থানীয় মুদ্রা ব্যবহারের ক্ষেত্রে ৩৭টি মন্ত্রণালয়/বিভাগ জাতীয় গড় হার (৯৮%) অপেক্ষা কম অর্থ ব্যয় করেছে। তন্মধ্যে উল্লেখযোগ্য মন্ত্রণালয়/বিভাগগুলো হচ্ছে– মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (৯৭%); পানি সম্পদ বিভাগ (৯৭%); শিল্প মন্ত্রণালয় (৯৫%); সেতু বিভাগ (৯৪%); রেলপথ মন্ত্রণালয় (৯৪%); স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (৯২%); এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় (৯০%)। স্থানীয় মুদ্রা কম ব্যয় হওয়ার কারণসহ মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বিস্তারিত বিবরণ প্রতিবেদনের **সংযোজনী-'গ'**-তে দেয়া হলো ;
- আলোচ্য বছরে ৩টি মন্ত্রণালয়/বিভাগের (প্রতিরক্ষা, পররাষ্ট্র, মুক্তিযুদ্ধ বিষয়ক এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়) প্রকল্প সাহায্য বরাদ্দ নেই। প্রকল্প সাহায্য ব্যবহারের ক্ষেত্রে অবশিষ্ট ৫১টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ২৩টি মন্ত্রণালয়/বিভাগ জাতীয় গড় হার (৮৪%) অপেক্ষা কম অর্থ ব্যয় করেছে। তন্মধ্যে উল্লেখযোগ্য মন্ত্রণালয়/বিভাগগুলো হলো – স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (৮৩%); পানি সম্পদ মন্ত্রণালয় (৭৪%); সড়ক বিভাগ (৬৫%); স্বরাষ্ট্র মন্ত্রণালয় (৬৪%); রেলপথ মন্ত্রণালয় (৬৪%); এবং সেতু বিভাগ (৪৬%)। প্রকল্প সাহায্য কম ব্যয় হওয়ার কারণসহ মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বিস্তারিত বিবরণ প্রতিবেদনের **সংযোজনী-'ঘ'**-তে দেয়া হলো ;
- তুলনামূলকভাবে কম বরাদ্দ প্রাপ্ত ৫টি মন্ত্রণালয়/বিভাগের মোট আর্থিক অগ্রগতি জাতীয় গড় অগ্রগতির (৯৩%) ঊর্ধ্বে তা হলো – অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (৯৮%); মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (৯৪%); বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (৯৯%); প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (৯৪%) এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (৯৫%);
- সবচেয়ে কম আর্থিক অগ্রগতি হয়েছে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের (৩১%); শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (৩৬%); পররাষ্ট মন্ত্রণালয় (৪১%) সহ আরও কয়েকটি মন্ত্রণালয়/বিভাগের অগ্রগতিও অনুরূপভাবে অত্যন্ত কম।

৮.২ মূল এডিপি এবং সংশোধিত এডিপি বরাদ্দের বিপরীতে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ১০টি মন্ত্রণালয়/বিভাগের আর্থিক অগ্রগতির একটি তুলনামূলক চিত্র সারণী-৭ এ তুলে ধরা হলো ঃ

সারণী-৭ ঃ ২০১১-১২ অর্থ বছরে মূল ও সংশোধিত এডিপি বরাদ্দের বিবেচনায় সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ১০টি মন্ত্রণালয়/বিভাগের বাস্তবায়ন অগ্রগতি (বরাদ্দের নিম্নক্রমানুসারে)

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	সংঃ এডিপিতে প্রকল্প সংখ্যা	২০১১-১২ অর্থ বছরের মোট এডিপি বরাদ্দ		মোট আর্থিক অগ্রগতি	আর্থিক অগ্রগতির হার		বাস্তব অগ্রগতি (%)
			মূল	সংশোধিত		মূল মোট বরাদ্দের %	সংশোধিত মোট বরাদ্দের %	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
০১।	স্থানীয় সরকার বিভাগ	১৭৬	৯২০১৪৯	৮৯৪৫৫৭.২৭	৮৪৭১৪৬.৫২	৯২%	৯৫%	৯৪%
০২।	বিদ্যুৎ বিভাগ	৫৪	৭১৪৫২৮	৭১৮৫৮০.০০	৭১৫৭৩৬.৯৭	১০০%	১০০%	৯৭%
০৩।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রঃ	৫৬	১০০৩০৮	৩০৩৫৫৫.০০	২৬৬১৬৩.৩০	২৫৬%	৮৮%	৮৫%
০৪।	সড়ক বিভাগ	১৭৩	২২৫৯৮৬	২৮৯৮০৭.০০	২৬১৮৮৪.৩০	১১৬%	৯০%	৮৯%
০৫।	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রঃ	১৪	২৪১৮৪৯	২৪৬৬৩২.০০	২৪১৭৯৩.৩২	১০০%	৯৮%	৯৫%
০৬।	রেলপথ মন্ত্রণালয়	৫১	২২৮৯৪০	২২৬৫৬৬.০০	১৮৬৩৪৬.৮২	৮১%	৮২%	৬১%
০৭।	শিক্ষা মন্ত্রণালয়	৮০	২১২৪৭৭	১৯৭০৮৪.০০	১৮৬৩৪৪.৭৫	৮৮%	৯৫%	৮৭%
০৮।	পানি সম্পদ মন্ত্রণালয়	৬৬	১৪৮৭৪৮	১৫৪২৭২.৮৩	১৪০৯৭৫.৩০	৯৫%	৯১%	১৩৯%
০৯।	কৃষি মন্ত্রণালয়	১০৩	৯৯৭৭৪	১০২২৭৭.০০	৯৮৩৩৯.৮৭	৯৯%	৯৬%	৯৫%
১০।	পল্লী উন্নয়ন সমবায় বিভাগ	১৯	৫২৭৬০	৮১১৪২.৪৫	৮০৫৫৩.৪৭	১৫৩%	৯৯%	৯৯%
	মোট ঃ	**৭৯২**	**২৯৪৫৫১৯**	**৩২১৪৪৭৩.৫৫**	**৩০২৫২৮৪.৬২**	**১০৩%**	**৯৪%**	**৯৩%**

এডিপি বাস্তবায়নের সার্বিক অগ্রগতি মূলতঃ সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত এ ১০টি মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন সাফল্যের ওপর নির্ভরশীল। সারণী-৭ এর তথ্য পর্যালোচনায় দেখা যায় যে,

- ১০টি মন্ত্রণালয়/বিভাগের বরাদ্দ মোট সংশোধিত এডিপি বরাদ্দের ৭৮%। উক্ত ১০টি মন্ত্রণালয়/বিভাগের সার্বিক আর্থিক অগ্রগতি ৯৪%, যা জাতীয় গড় আর্থিক অগ্রগতির (৯৩%) অপেক্ষা ১% বেশী। এ ১০টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৬টি মন্ত্রণালয়/বিভাগ সর্বোচ্চ (জাতীয় গড় আর্থিক অগ্রগতি ৯৩% এর সমান বা তদূর্ধ্ব) আর্থিক অগ্রগতি অর্জন করেছে;

- উল্লিখিত ১০টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৪টি মন্ত্রণালয়/বিভাগ জাতীয় গড়ের (৯৩%) নীচে আর্থিক অগ্রগতি অর্জন করেছে। এ ৪টি মন্ত্রণালয়/বিভাগ হলো— স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (৮৮%); সড়ক বিভাগ (৯০%); রেলপথ মন্ত্রণালয় (৮২%); এবং পানি সম্পদ মন্ত্রণালয় (৯১%);

- উলিখিত ১০টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৩টি মন্ত্রণালয়/বিভাগের সংশোধিত এডিপিতে বরাদ্দ কমানো হয়েছে। অপরপক্ষে, ৭টি মন্ত্রণালয়/বিভাগের সংশোধিত এডিপিতে বরাদ্দ বাড়ানো হয়েছে।

- সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ১০টি মন্ত্রণালয়/বিভাগের সার্বিক গড় বাস্তব অগ্রগতির হার ৯৩%, যা এডিপির সার্বিক গড় বাস্তব অগ্রগ্রতির হারের (৯১%) অপেক্ষা ২% বেশী। এ ১০টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৬টি মন্ত্রণালয়/বিভাগ সর্বোচ্চ (জাতীয় গড় বাস্তব অগ্রগতি ৯১% এর সমান বা তদূর্ধ্ব) বাস্তব অগ্রগতি অর্জন করেছে।

৮.৩। ২০১১-১২ অর্থ বছরে নিম্ন আর্থিক অগ্রগতি সম্পন্ন কয়েকটি মন্ত্রণালয়/বিভাগের অগ্রগতির হারের বিবরণের সাথে একই মন্ত্রণালয়/বিভাগের গত দু'বছরের অগ্রগতির হারের তুলনামলক চিত্র সারণী-৮ এ দেয়া হলো ঃ

সারণী-৮ ঃ <u>২০১১-১২ অর্থ বছরে কম অগ্রগতি সম্পন্ন ১০টি মন্ত্রণালয়/বিভাগের ৩ বছরের অগ্রগতির চিত্র</u>

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	আর্থিক অগ্রগতির হার		
		২০১১-১২	২০১০-১১	২০০৯-১০
(১)	(২)	(৩)	(৪)	(৫)
০১।	অর্থ বিভাগ	৭২%	৬৫%	৭৯%
০২।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়*	৬৮%	--	--
০৩।	মন্ত্রিপরিষদ বিভাগ	৬৩%	১০০%	৭৯%
০৪।	বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়	৬১%	২৬%	১৮%
০৫।	সেতু বিভাগ	৬০%	৩৪%	৮০%
০৬।	বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়	৫৩%	৭৫%	৯২%
০৭।	লেজিসলেটিভ এবং সংসদ বিষয়ক বিভাগ*	৫২%	৪৮%	--
০৮।	পররাষ্ট্র মন্ত্রণালয়	৪১%	৭৭%	১৯%
০৯।	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	৩৬%	১১৮%	৮৭%
১০।	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	৩১%	৭৭%	৫৭%

* তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় ২০১১-১২ অর্থ বছরে এবং
* লেজিসলেটিভ এবং সংসদ বিষয়ক বিভাগ ২০১০-১১ অর্থ বছরে প্রতিষ্ঠিত হয়েছে।

সারণী-৮ পর্যালোচনায় দেখা যায় যে, এ ১০টি মন্ত্রণালয়/বিভাগ ২০১১-১২ অর্থ বছরে সার্বিক আর্থিক অগ্রগতি ৯৩% অর্জন করতে সক্ষম হয়নি। এগুলোর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ও শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অগ্রগতি গত ২০১০-১১ অর্থ বছরের সার্বিক অগ্রগতি (৯২%) এর বেশী ছিল। বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের অগ্রগতি গত ২০০৯-১০ অর্থবছরের সার্বিক অগ্রগতির (৯১%) চেয়ে বেশী ছিল। অর্থাৎ বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, এ ৩টি মন্ত্রণালয়/বিভাগ ছাড়া ৭টি মন্ত্রণালয়/বিভাগের আর্থিক অগ্রগতি ক্রমাগত ৩ বছরেও সন্তোষজনক পর্যায়ে পৌছায়নি।

৯। প্রকল্প ভিত্তিক সার্বিক এডিপি বাস্তবায়ন অগ্রগতি ঃ

২০১১-১২ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের বরাদ্দকৃত অর্থের তুলনায় অর্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতির চিত্র সারণী-৯ ও ১০ - এ তুলে ধরা হলো ঃ

সারণী-৯ ঃ প্রকল্প ভিত্তিক আর্থিক অগ্রগতির বিভাজন

(কোটি টাকায়)

বার্ষিক লক্ষ্যমাত্রার তুলনায় অর্জিত আর্থিক অগ্রগতির (%) শ্রেণীবিভাগ	প্রকল্প সংখ্যা	মোট প্রকল্প সংখ্যার শতকরা হার	মোট সংশোধিত বরাদ্দ	মোট সংশোধিত বরাদ্দের %	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১০০% ও তদূর্ধ্ব	৬৪৭	৪৮%	২১২৪৬.৩৮	৫২%	প্রশংসনীয়
৯০-৯৯%	৩৩১	২৫%	১১৫০২.৪৩	২৮%	সন্তোষজনক
৭৬-৮৯%	১০১	৮%	৪০৩৮.৯৮	১০%	মোটামুটি সন্তোষজনক
৫১-৭৫%	৮৮	৭%	২০৮৬.২৯	৫%	সন্তোষজনক নয়
২৬-৫০%	৪৭	৪%	৮১৮.৫৮	২%	
২৫%-তদ্নিম্ন	৪০	৩%	৬৮২.৫৭	২%	হতাশাব্যঞ্জক
০	৮৬	৬%	৩৭৬.২৫	১%	
উপ-মোট ঃ	১৩৪০	১০০%	৪০৭৫০.৫০	৯৯%	
বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা খাতে প্রকল্প সাঃ বাবদ অবরাদ্দকৃত অর্থ ঃ	--	--	৩২৯.৫০	১%	
মোট ঃ	১৩৪০	১০০%	৪১০৮০.০০	১০০%	

সারণী-১০ ঃ প্রকল্প ভিত্তিক বাস্তব অগ্রগতির বিভাজন

(কোটি টাকায়)

বার্ষিক লক্ষ্যমাত্রার তুলনায় অর্জিত বাস্তব অগ্রগতির (%) শ্রেণীবিভাগ	প্রকল্প সংখ্যা	মোট প্রকল্প সংখ্যার শতকরা হার	মোট সংশোধিত বরাদ্দ	মোট সংশোধিত বরাদ্দের %	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১০০% ও তদূর্ধ্ব	৬০৭	৪৫%	২০০৫৫.৪০	৪৯%	প্রশংসনীয়
৯০-৯৯%	২২৫	১৭%	৯৯৫৭.০৮	২৪%	সন্তোষজনক
৭৬-৮৯%	১২০	৯%	৪৩০৩.৯৩	১০%	মোটামুটি সন্তোষজনক
৫১-৭৫%	১১৩	৮%	৩৫৪৮.২০	৯%	সন্তোষজনক নয়
২৬-৫০%	৫৩	৪%	৮৪৩.০২	২%	
২৫%-তদ্নিম্ন	৪১	৩%	১০৯৪.৯৯	৩%	হতাশাব্যঞ্জক
০	১৮১	১৪%	৯৪৭.৮৭	২%	
মোট ঃ	১৩৪০	১০০%	৪০৭৫০.৫০	৯৯%	
বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা খাতে প্রকল্প সাঃ বাবদ অবরাদ্দকৃত অর্থ ঃ	--	--	৩২৯.৫০	১%	
মোট ঃ	১৩৪০	১০০%	৪১০৮০.০০	১০০%	

সারণী-৯ ও ১০ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে,

- আলোচ্য অর্থ বছরে ৫৪টি মন্ত্রণালয়/বিভাগের আওতায় বাস্তবায়নাধীন ১৩৪০টি প্রকল্পের মধ্যে ৬৪৭টি প্রকল্পের (মোট প্রকল্পের ৪৮%) আর্থিক এবং ৬০৭টি প্রকল্পের (মোট প্রকল্পের ৪৫%) বাস্তব অগ্রগতি প্রশংসনীয় (১০০% বা তদূর্ধ্ব);
- ৩৩১টি প্রকল্পের (মোট প্রকল্পের ২৫%) আর্থিক এবং ২২৫টি প্রকল্পের (মোট প্রকল্পের ১৭%) বাস্তব অগ্রগতি সন্তোষজনক;

- ১০১টি প্রকল্পের (মোট প্রকল্পের ৮%) আর্থিক এবং ১২০টি প্রকল্পের (মোট প্রকল্পের ৯%) বাস্তব অগ্রগতি মোটামুটি সন্তোষজনক;
- ৮৮টি প্রকল্পের (মোট প্রকল্পের ৭%) আর্থিক এবং ১১৩টি প্রকল্পের (মোট প্রকল্পের ৮%) বাস্তব অগ্রগতি সন্তোষজনক নয়;
- ৮৭টি প্রকল্পে (মোট প্রকল্পের ৭%) সারা বছরে তেমন কোন ব্যয় এবং ৯৪টি প্রকল্পে (মোট প্রকল্পের ৭%) সারা বছরে তেমন কোন কাজ হয়নি; এবং
- ২০১১-১২ অর্থ বছরে অন্তর্ভুক্ত প্রকল্পগুলির আর্থিক অগ্রগতি বিশ্লেষণে দেখা যায় যে, ৮৬টি প্রকল্পে সারা বছরে কোন অর্থ ব্যয় হয় নাই। এ সকল শূন্য আর্থিক অগ্রগতি সম্পন্ন প্রকল্পে সংশোধিত এডিপিতে মোট বরাদ্দের পরিমাণ ছিল ৩৭৬.২৫ কোটি টাকা (প্রকল্প সাহায্য ৩৪৭.২৪ কোটি, স্থানীয় মুদ্রা ২৯.০১ কোটি এবং টাকা অবমুক্তি ২.৫৪ কোটি টাকা) যা সার্বিক সংশোধিত এডিপি বরাদ্দের ১%। প্রকল্পগুলির শূন্য অগ্রগতির কারণসমূহের মধ্যে নতুনভাবে অন্তর্ভুক্ত প্রকল্পের দরপত্র আহ্বানে বিলম্ব, প্রকল্পের ঋণ না পাওয়া, ডিপিপি সংশোধন, নামমাত্র বরাদ্দ ইত্যাদি উল্লেখযোগ্য। এ প্রকল্পগুলির বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, এডিপিতে সকল প্রকল্প বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক ইপ্সিত গুরুত্ব প্রদান করা হয় না।
- অপরদিকে, এ অর্থ বছরে শূন্য বাস্তব অগ্রগতি সম্পন্ন প্রকল্পের সংখ্যা ১৮১টি। এ প্রকল্পগুলির মোট বরাদ্দ ৯৪৭.৮৮ কোটি টাকা (স্থানীয় মুদ্রা ৪৫৩.৬৬ কোটি টাকা) এবং মোট ৬৭১.৮৮ কোটি টাকা (স্থানীয় মুদ্রা ব্যয় ৪১৭.৯৩ কোটি টাকা) ব্যয় হলেও কোন ভৌত কাজ সম্পন্ন হয় নাই।

শূন্য আর্থিক অগ্রগতি সম্পন্ন **৮৬টি প্রকল্পের তালিকা সংযোজনী-'চ' তে** এবং শূন্য বাস্তব অগ্রগতি সম্পন্ন **১৮১টি প্রকল্পের তালিকা সংযোজনী-'ছ'** তে দেয়া হয়েছে। মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত ১৩৪০টি প্রকল্পের বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের বিস্তারিত বিবরণ প্রতিবেদনের **সংযোজনী-'ঙ'**-তে দেয়া হয়েছে।

১০। <u>এডিপিভুক্ত প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি</u> ঃ

২০১১-১২ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের সর্বমোট প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি নীচের সারণী-১১ এ দেখানো হলো ঃ

সারণী-১১ঃ <u>প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির বিভাজন</u>

প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ক্রমপুঞ্জিত ব্যয়ের শতকরা হার	প্রকল্প সংখ্যা		
	মোট (মোট প্রকল্প সংখ্যার %)	সমাপ্ত ঘোষিত	বাস্তবায়নাধীন/মেয়াদ বৃদ্ধিকৃত
(১)	(২)	(৩)	(৪)
১০০% ও তদূর্ধ্ব	৭৮ (৬%)	৪৪	৩৪
৯০-৯৯%	১৪৫ (১১%)	৯১	৫৪
৭৬-৮৯%	১২০ (৯%)	৩৬	৮৪
৫১-৭৫%	২২৩ (১৭%)	১৭	২০৬
২৬-৫০%	২৫৩ (১৯%)	৮	২৪৫
১%-২৫%	৪৭৪ (৩৫%)	৩	৪৭১
০	৪৭ (৪%)	০	৪৭
মোট ঃ	১৩৪০ (১০০%)	১৯৯	১১৪১

সারণী-১১ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে,

- ৭৮টি প্রকল্পের (মোট প্রকল্পের ৬%) প্রাক্কলিত ব্যয়ের সম্পূর্ণ অংশ বা তদূর্ধ্ব ব্যয় হয়েছে;
- ১০০% বা তদূর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন ৭৮টি প্রকল্পের মধ্যে ২০১১-১২ অর্থ বছরে মাত্র ৪৪টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়, অবশিষ্ট ৩৪টি প্রকল্প সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে;
- ৯০-৯৯% আর্থিক অগ্রগতি সম্পন্ন ১৪৫টি প্রকল্পের (মোট প্রকল্পের ১১%) মধ্যে ২০১১-১২ অর্থ বছরে মাত্র ৯১টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়, অবশিষ্ট ৫৪টি প্রকল্প সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে;
- ৭৬-৮৯% আর্থিক অগ্রগতি সম্পন্ন ১২০টি প্রকল্পের (মোট প্রকল্পের ৯%) মধ্যে ২০১১-১২ অর্থ বছরে মাত্র ৩৬টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়, অবশিষ্ট ৮৪টি প্রকল্প সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে;
- ৫১-৭৫% আর্থিক অগ্রগতি সম্পন্ন ২২৩টি প্রকল্পের (মোট প্রকল্পের ১৭%) মধ্যে ২০১১-১২ অর্থ বছরে মাত্র ১৭টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়, অবশিষ্ট ২০৬টি প্রকল্প সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে;
- প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ৫০% পর্যন্ত ব্যয় করে ১১টি প্রকল্পকে সমাপ্ত ঘোষণা করা হয়েছে;
- মোট প্রকল্পের ৪% অর্থাৎ ৪৭টি প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি শূন্য।

১১। সমাপ্ত প্রকল্প ঃ

১১.১ সমাপ্ত ঘোষিত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ঃ

২০১১-১২ অর্থ বছরে মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত বাস্তবায়ন অগ্রগতির তথ্য পর্যালোচনা করলে দেখা যায় যে, মল এডিপিভুক্ত ১১০৫টি প্রকল্পের মধ্যে ২৮৫টি প্রকল্প (মোট প্রকল্পের ২৬%) জুন ২০১২ এর মধ্যে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল। এ প্রকল্পগুলির মধ্যে **১৩২টি** প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়েছে। অবশিষ্ট **১৫৩টি** প্রকল্পকে সমাপ্ত ঘোষণা না করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। অপরদিকে, আলোচ্য বছরে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল না, এমন **৬৭টি** প্রকল্পকে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সমাপ্ত ঘোষণা করা হয়েছে। এতে মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা দাঁড়ায় ১৯৯টি। তন্মধ্যে কিছু কাজ অসমাপ্ত থাকা সত্ত্বেও ১৫৫টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়েছে। এ সংক্রান্ত তথ্য নিম্নের সারণী-১২ এ তুলে ধরা হলো, যার বিস্তারিত বিবরণ **সংযোজনী-'জ'** তে দেখা যেতে পারে।

সারণী-১২ ঃ ২০১১-১২ অর্থ বছরে সমাপ্ত প্রকল্প সংক্রান্ত চিত্র

সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প সংখ্যা	নির্ধারিত ২৮৫টি'র মধ্যে জুন '১১ পর্যন্ত সমাপ্ত প্রকল্প সংখ্যা	লক্ষ্যমাত্রা বহির্ভুত সমাপ্ত প্রকল্প সংখ্যা	মোট সমাপ্ত প্রকল্প সংখ্যা	১০০% কাজ সম্পন্ন হয়েছে এমন প্রকল্প সংখ্যা	কিছু কাজ অসমাপ্ত থাকা সত্ত্বেও সমাপ্ত ঘোষিত প্রকল্প সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
২৮৫	১৩২	৬৭	১৯৯	৪৪	১৫৫

সারণী-১২ হতে দেখা যায় যে, বাস্তবায়নকারী সংস্থা তথা মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প সমাপ্তির যে প্রক্ষেপণ করা হয় তা অধিকাংশ ক্ষেত্রে অর্জিত হয় না। তাছাড়া, অধিকাংশ ক্ষেত্রে বেশ কিছু কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়। এতে প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যাবলী সম্পূর্ণভাবে অর্জিত হয় না।

১১.২ সমাপ্ত প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় বিশ্লেষণ ঃ

২০১১-১২ অর্থ বছরে সমাপ্ত ১৯৯টি প্রকল্পের মূল ও প্রকৃত বাস্তবায়নকাল এবং অনুমোদিত ও প্রকৃত ব্যয়ের চিত্র সারণী-১৩ এ উপস্থাপন করা হলো ঃ

সারণী-১৩ ঃ ২০১১-১২ অর্থ বছরে সমাপ্ত প্রকল্পসমূহের বাস্তবায়নকাল এবং ব্যয়ের চিত্র

(কোটি টাকায়)

২০১১-১২ অর্থ বছরে সমাপ্ত প্রকল্প সংখ্যা	নির্ধারিত সময় ও ব্যয়ে সমাপ্ত প্রকল্প সংখ্যা (মোট সমাপ্ত প্রকল্প সংখ্যার %)	শুধু প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়েছে এমন প্রকল্প সংখ্যা (মোট সমাপ্ত প্রকল্প সংখ্যার %)	শুধু বাস্তবায়ন-কালের অতিক্রান্তি ঘটেছে এমন প্রকল্প সংখ্যা (মোট সমাপ্ত প্রকল্প সংখ্যার %)	ব্যয় ও বাস্তবায়নকাল উভয়ই বৃদ্ধি পেয়েছে এমন প্রকল্প সংখ্যা (মোট সমাপ্ত প্রকল্প সংখ্যার %)	সমাপ্ত প্রকল্পের গড় বাস্তবায়ন কাল বৃদ্ধি	সমাপ্ত প্রকল্পের গড় ব্যয় বৃদ্ধি
					বছর (বৃদ্ধির %)	ব্যয় (বৃদ্ধির %)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১৯৯	৩৭ (১৯%)	১৩ (৭%)	৭৯ (৪০%)	৭০ (৩৫%)	২.০৮ (৬৩.৮২%)	২৬.২৪ (২৯.৫২%)

সারণী-১৩ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে,

- ১৯৯টি প্রকল্পের মধ্যে বাস্তবায়নকাল বৃদ্ধি পেয়েছে, এমন প্রকল্পের মোট সংখ্যা ১৪৯টি এবং ব্যয় বৃদ্ধি পেয়েছে, এমন প্রকল্পের মোট সংখ্যা ৮৩টি;

- ১৪৯টি সমাপ্ত প্রকল্পের মূল পরিকল্পিত গড় বাস্তবায়নকাল ছিল ৩.২৬ বছর। এর বিপরীতে প্রকৃত গড় বাস্তবায়নকাল দাঁড়িয়েছে ৫.৩৪ বছর। অর্থাৎ প্রত্যেক প্রকল্পের গড় প্রকৃত বাস্তবায়নকাল গড় পরিকল্পিত বাস্তবায়নকাল থেকে ২.০৮ বছর (৬৩.৮২%) বৃদ্ধি পেয়েছে ;

- ৮৩টি সমাপ্ত প্রকল্পের মূল গড় প্রাক্কলিত ব্যয় ছিল ৮৮.৯০ কোটি টাকা। এর বিপরীতে গড় প্রকৃত ব্যয় হয়েছে ১১৫.১৪ কোটি টাকা। অর্থাৎ প্রত্যেক প্রকল্পের গড় প্রকৃত ব্যয় গড় পরিকল্পিত ব্যয় থেকে ২৬.২৪ কোটি টাকা (২৯.৫২%) বৃদ্ধি পেয়েছে।

১২। প্রকল্প অনুমোদন পর্যায় ঃ

২০১১-১২ অর্থ বছরসহ গত চার বছরের এডিপিভুক্ত অননুমোদিত প্রকল্পের অনুমোদন অগ্রগতির একটি তুলনামূলক চিত্র সারণী-১৪ তে দেয়া হলো।

সারণী-১৪ ঃ <u>২০১১-১২ অর্থ বছরসহ গত চার বছরের প্রকল্পের অনুমোদন পর্যায়</u>

অর্থ বছর	সংশোধিত এডিপি'তে অন্তর্ভুক্ত প্রকল্প সংখ্যা	এডিপিতে অন্তর্ভুক্তির সময় অননুমোদিত প্রকল্প সংখ্যা (মোট প্রকল্প সংখ্যার %)	বছর ভিত্তিক অনুমোদিত হয়েছে এমন প্রকল্প সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)
২০১১-১২	১৩৪০	৭০২ (৫৪%)	১৮৫
২০১০-১১	১১৯৩	৮০০ (৬৭%)	২৩৬
২০০৯-১০	১০৯০	৪৬৩ (৪২%)	২২৪
২০০৮-০৯	১০৪০	১৪৪ (১৪%)	২০০
২০০৭-০৮	১০৫৮	১১৩ (১১%)	১৭২

সারণী-১৪ হতে দেখা যায় যে, ২০১১-১২ অর্থ বছরে ৭০২টি অননুমোদিত প্রকল্পের বিপরীতে ১৮৫টি প্রকল্প অনুমোদিত হয়েছে, যা বিগত অর্থ বছর থেকে ৫১টি কম।

১৩। <u>২০১১-১২ অর্থ বছরের সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত ৫৪টি মন্ত্রণালয়/বিভাগের ক্রয় কার্যক্রমের চিত্র</u> ঃ

২০১১-১২ অর্থ বছরে ৫৪টি মন্ত্রণালয়/বিভাগের ক্রয়-কার্যক্রমে মোট বরাদ্দ ৩০০৩৬.৬২ কোটি টাকা, যার আওতায় বাৎসরিক ক্রয় পরিকল্পনাতে ২৭২০৬টি প্যাকেজ অন্তর্ভুক্ত ছিল। এর মধ্যে জুন ২০১২ পর্যন্ত ২১৪৪১টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে (যা মোট প্যাকেজের ৭৯%)। কার্যাদেশ প্রদানকৃত প্যাকেজগুলোর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ২৫৫৩৯.৮১ কোটি টাকা (যা মোট ক্রয়-কার্যক্রম বরাদ্দের ৮৫%)। উল্লেখ্য, ৫৪টি মন্ত্রণালয়/বিভাগের সার্বিক আর্থিক অগ্রগতি ৯৩% এর তুলনায় মন্ত্রণালয়/বিভাগগুলোর ক্রয়-কার্যক্রমের আওতায় অগ্রগতি সাধিত হয়েছে ৮৫%। **ক্রয়-কার্যক্রমের বিস্তারিত বিবরণ সংযোজনী-'ঝ'**-তে দেয়া হলো।

১৪। <u>সরকারি ক্রয় সংক্রান্ত সংস্কারমূলক কার্যাবলীঃ</u>

Public Procurement Regulation-2003 এর বাস্তব প্রয়োগযোগ্যতার অনুসরণে পাবলিক প্রকিউরমেণ্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেণ্ট বিধিমালা-২০০৮, ৩১ জানুয়ারি ২০০৮ থেকে কার্যকর করা হয়। উক্ত আইন ও বিধিমালাকে অধিকতর ব্যবহারপযোগী করার জন্য গত ১২/১১/২০০৯ ও ১৮/০৭/২০১০ তারিখে ক্রয় আইনে এবং গত ১২/০৮/২০০৯ ও ২৯/০৩/২০১১ তারিখে ক্রয় বিধিমালার কতিপয় সংশোধনী গেজেট আকারে জারি করা হয়েছে।

সরকারি ক্রয়ে স্বচ্ছতা, জবাবদিহিতা ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে পাবলিক প্রকিউরমেণ্ট রিফর্ম প্রজেক্ট-২ (PPRP-II) -শীর্ষক প্রকল্পের সরকারি ক্রয় সংক্রান্ত সংস্কারমূলক কার্যাবলী নিম্নোক্ত ৪টি Component এর মাধ্যমে বাস্তবায়িত হচ্ছেঃ

- Component 1: <u>Further Policy Reform and Capacity Development</u>:
    - এ Component এর আওতায় ইতোপূর্বে জারিকৃত ০৯টি Standard Tender Document পাবলিক প্রকিউরমেণ্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেণ্ট বিধিমালা, ২০০৮ এর আওতায় সামঞ্জস্য বিধান করা হয়েছে। পিপিআরপি-২ প্রকল্পের আওতায় ক্রয়কার্যক্রম পরিচালনায় দক্ষতা বৃদ্ধির

লক্ষ্যে ৪টি টার্গেট এজেন্সি (RHD, LGED, BWDB & REB) সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রকিউরমেন্ট সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর উপর প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। Engineering Staff College Bangladesh (ESCB) এ ২০১৩ সালের জুন পর্যন্ত ২০০০ জনকে লক্ষ্যমাত্রা নিয়ে প্রশিক্ষণ চলমান আছে। ইতোমধ্যে গত ৩০ সেপ্টেম্বর ২০১২ ইং তারিখ পর্যন্ত ৭৫টি ব্যাচে ২ ০৭০ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে এবং ৩০ সেপ্টেম্বর থেকে ২৬ জন কর্মকর্তাকে নিয়ে ৩ সপ্তাহ মেয়াদী ৭৬তম ব্যাচে প্রশিক্ষণ শুরু হয়েছে । Bangladesh Institute of Management (BIM) এ ২০১৩ সালের জুন পর্যন্ত ৭০০ জনকে লক্ষ্যমাত্রা নিয়ে প্রশিক্ষণ চলমান আছে এবং অদ্যবধি ২৩ টি ব্যাচে ৬৮৩ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। এছাড়াও স্বল্প মেয়াদী প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য BPATC, APD, FIMA, BIAM, BCS (Admn.) Academy, NILG সহ দেশের সকল সরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউটে বিভিন্ন মডিউলে প্রশিক্ষণ কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণ করা হয়েছে।

- Development for Procurement core Competence skills and Accreditation Program" এর বিষয়ে CIPS (Chartered Institute of Purchasing and Supply) এর সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী প্রথম ব্যাচের ২০জন কর্মকর্তার M-CIPS Program চলছে এবং Level-6 সমাপ্ত হয়েছে। বর্তমানে Brac University এর অধীনে তাদের Dissertation এর কাজ চলছে। যে সকল কর্মকর্তা M-CIPS Program সম্পন্ন করেছেন তাদেরকে সার্টিফিকেট প্রদানের বিষয়টি University Grants Commission (UGC) কর্তৃক অনুমোদিত হয়েছে ।

- Component 2: Strengthening Procurement Management of 4(four) Target Agencies & CPTU/IMED:

এ Component এর আওতায় ৪৫টি indicator ব্যবহার করে ক্রয় কার্যক্রমের Compliance monitoring করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

- CPTU এর বিদ্যমান প্রকিউরমেন্ট মনিটরিং ব্যবস্থা (PROMIS) এবং Dynamic website কে enhanced করা হয়েছে। ইতোমধ্যে ৪টি টার্গেট এজেন্সি (RHD, LGED, BWDB & REB) এর প্রায় ৯০০ জন কর্মকর্তাকে PROMIS Software এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া উক্ত Component এর আওতায় ৪টি সংস্হার সাথে তাদের ক্রয় কার্যক্রমে PPR সংশ্লিষ্ট তাৎক্ষণিক পরামর্শ এবং CPTU এর সাথে সমন্বয়ের জন্য ৪ জন Project Implementation Support Consultant কে সংযুক্ত করা হয়েছে । এছাড়া ৪টি সংস্হার সাথে ৪ জন Project Monitoring Coordinator (PMC) এবং প্রত্যেক সংস্হায় ২ জন করে মোট ৮ জন কে Procurement বিষয়ে Focal Point করা হয়েছে ।

- Component 3: Introducing e-GP (e-Government Procurement):

- প্রাথমিকভাবে চারটি টার্গেট এজেন্সী যথাক্রমে সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও পল্লী বিদ্যুতায়ন বোর্ডে e-Government Procurement (e-GP) System এর আওতায় আনা হয়েছে।

- দেশে e-Tendering চালুর লক্ষ্যে বহুল প্রত্যাশিত National Electronic Government (e-GP) Procurement web portal গত ০২-০৬-২০১১ তারিখে মাননীয় প্রধান ম   ন্ত্রী কর্তৃক উদ্বোধনের পর বর্তমানে ঠিকাদারসহ অন্যান্য ব্যবহারকারীর রেজিষ্ট্রেশন চলমান আছে। অদ্যাবধি   ০৮-১০-২০১২ ইং তারিখ পর্যন্ত ১ জন ব্যক্তি পরামর্শক, ৩২৭ জন জাতীয় এবং ২ জন আন্তর্জাতিক ঠিকাদার রেজিষ্ট্রেশন করেছে। ইতোমধ্যে সরকার কর্তৃক Bangladesh Power Development Board (BPDB) এবং Dhaka Power Distribution Company (DPDC) কে e-GP তে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।   e-Tendering পদ্ধতিতে সিপিটিইউ সহ ৪টি টার্গেট এজেন্সিতে ইতোমধ্যে ৬টি দরপত্র আহ্বানের মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়। এছাড়া ৫০ কোটি টাকা পর্যন্ত ক্রয় ই-জিপি প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করার Provision রাখার সিদ্ধান্ত হয়েছে। অধিকন্তু চলতি অর্থ বছরে ৪টি টার্গেট এজেন্সির প্রত্যেক ক্রয়কারীকে ন্যূনতম ২টি Tender e-GP প্রক্রিয়ায় সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

- সিপিটিইউতে dedicated mobile number সহ ৪ জন IT trained staff নিয়ে একটি help desk এবং ৪টি সংস্থায় (সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং পল্লী বিদ্যুতায়ন বোর্ড) Help desk স্থাপন করা হয়েছে। উল্লিখিত Help desk হতে e-GP সংশ্লিষ্ট ব্যবহারকারীদের সহায়তা প্রদান করা হচ্ছে।

➢ **Component 4: <u>Communication Behavioral Change and Social Accountability</u>:**

ক্রয় সংক্রান্ত বিষয়ে সামাজিক সচেতনতা কার্যক্রম পরিচালনাপূর্বক নিম্নোক্ত কার্যক্রমগুলো পরিচালনা করা হয়েছেঃ

- Social Awareness & Communication পরামর্শক প্রতিষ্ঠান চুক্তিতে বর্ণিত সিডিউল মোতাবেক সরকারি ক্রয় বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা পর্যায়ে এক দিনের ''ফিউচার সার্চ কনফারেন্স'' শীর্ষক এডভোকেসী ওয়ার্কসপ জেলা প্রশাসনের সহযো   গিতায় ৬৪টি জেলার মধ্যে   ৬৪টি জেলা তেই ইতোমধ্যে সমাপ্ত হয়েছে।
- Public Private Stakeholders Committee (PPSC) কার্যক্রম পরিচালনার জন্য IGS এর সাথে চুক্তি এবং কার্যপরিধি মোতাবেক কার্যক্রম   পরিচালিত হচ্ছে। PPSC এর ৫টি সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে এবং ৬ষ্ঠ ত্রৈমাসিক সভা যথাশীঘ্র হওয়ার কথা রয়েছে   । PPSC'র মুখপাত্র হিসেবে "Procurement watch" শীর্ষক একটি ত্রৈমাসিক Newsletter বের করা হয়েছে।
- সরকারি ক্রয় সংক্রান্ত বিষয়ে জন সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৭টি বিভাগীয় শহরে সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে মিডিয়া, সুশিল সমাজ, ক্রয়কারী প্রতিষ্ঠান ও ঠিকাদারদের সচেতনতা বাড়ানোর জন্য প্রশিক্ষণ দেয়া হয়েছে।
- সরকারি ক্রয় কার্যক্রমে সিপিটিইউ, আইএমইডি এবং পিপিআরপি-২ এর বিভিন্ন দিক নিয়ে নির্মিত ১৫ মিনিটের প্রকিউরমেন্ট ভিডিও'র documentary তৈরী করা হয়েছে।
- সরকারি ক্রয়কার্যক্রমের উপর Television Reality Show নির্মাণ করা হয়েছে এবং তা প্রতিটি ২৫ মিনিটের ৬টি নিউজ/Show ইতোমধ্যো এটিএন বাংলায় প্রদর্শিত হয়েছে। এছাড়াও সর্বসাধারণের দৃষ্টি

আকর্ষণের জন্য সরকারি ক্রয় নীতিমালা অনুসরণ সংক্রান্ত কার্টুন পত্রিকায় (Daily Star এবং দৈনিক যুগান্তর) বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হয়েছে।

- ২০১২ সালের জন্য ক্রয় বিষয়ক সচেতনতামূলক টেবিল ক্যালেন্ডার ছাপানো হয়েছে এবং দেশের সকল বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের গুরুত্বপূর্ণ সরকারি ক্রয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উক্ত ক্যালেন্ডার বছরের শুরুতেই বিতরণ করা হয়েছে।
- ঢাকাসহ দেশের ৬৪টি জেলার Strategic Point গুলোতে সরকারী ক্রয় নীতিমালার উপর বিজ্ঞাপন সংক্রান্ত Billboard স্থাপন করা হয়েছে।

১৫। <u>চলতি প্রকল্পের পরিদর্শন ও সমাপ্ত প্রকল্পের মল্যায়ন প্রতিবেদন</u> ঃ

১৫.১ ২০১১-১২ অর্থ বছরে মোট ৭১৮টি প্রকল্প পরিদর্শন করা হয়। পরিদর্শনের লক্ষ্যমাত্রা ছিল ১০০৯টি। এর মধ্যে আলোচ্য বছরে পরিদর্শন হয়েছে ৯১২ (লক্ষ্যমাত্রার ৯০%)। এ সকল পরিদর্শনের ওপর ভিত্তি করে সর্বমোট ৭১৮টি প্রতিবেদন (৪৬৭টি পরিদর্শন প্রতিবেদন এবং ২৫১টি সমাপ্ত প্রকল্পের মল্যায়ন প্রতিবেদন) প্রণয়ন পূর্বক সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে।

১৫.২ প্রত্যেক অর্থ বছরে সমাপ্ত ঘোষিত সকল প্রকল্পের মূল্যায়ন **কাজ** সম্পন্ন করা বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের অন্যতম দায়িত্ব। এসকল প্রকল্প বাস্তবায়নে যে সব সমস্যা চিহ্নিত করা হয়েছে সেগুলোর বিস্তারিত বিবরণসহ বাস্তবায়নকালীন সমস্যাবলী দূরীকরণ ও বাস্তবায়নোত্তর সমস্যাবলীর পুনরাবৃত্তি রোধে সম্ভাব্য করণীয় সম্পর্কে সুপারিশ সংবলিত প্রতিবেদন প্রণয়ন করে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়। ২০১১-১২ অর্থ বছরে সমাপ্ত ঘোষিত ১৯৯টি প্রকল্পের পরিদর্শন ও মূল্যায়ন কাজ বর্তমানে চলমান আছে। সময়মত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) না পাওয়ায় এবং আইএমইডির সাংগঠনিক কাঠামো অনুযায়ী কর্মকর্তা না থাকায় পরিদর্শন ও মূল্যায়ন কাজ সম্পাদন ব্যহত হচ্ছে।

১৬। <u>সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন (impact evaluation)</u> ঃ

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মুল্যায়ন বিভাগ এর মুল্যায়ন সেক্টর থেকে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক সমাপ্ত উন্নয়ন প্রকল্প সমুহের মধ্যে গুরুত্বপুর্ণ নির্বাচিত প্রকল্প সমুহের প্রভাব মুল্যায়ন কাজ পরিচালিত হয়ে থাকে। প্রভাব মুল্যায়ন একটি গবেষণামুলক কাজ বিধায় এ কাজ যথেষ্ট সময় ও ব্যয় সাপেক্ষ। ২০১১-২০১২ অর্থ বছরে প্রভাব মুল্যায়ন কাজ পরিচালনার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ১০টি উন্নয়ন প্রকল্প বাছাই করা হয় যার মধ্যে নিজস্ব জনবল দ্বারা ৩টি এবং আউট সোর্সিং এর মাধ্যমে ৭টি প্রকল্প। ২০১১-২০১২ অর্থ বছরে নির্ধারিত যে ১০টি প্রকল্পের মুল্যায়ন করা হয়েছে, তা সারণী-১৫ এর ‘ক‘ ও ‘খ‘ -তে দেয়া হলো।

সারণী-১৫ (ক) ঃ 'আউট সোর্সিং'এর মাধ্যমে পরিচালিত সমীক্ষা ঃ

							(লক্ষ টাকায়)
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম	বাস্তবায়ন কাল	প্রাক্কলিত ব্যয়	আউট সোর্সিং এর জন্য বরাদ্দকৃত অর্থ	চুক্তি মুল্য	আউট সোর্সিং এর জন্য প্রকৃত ব্যয়	অবশিষ্ট ব্যয়	পরামর্শক ফার্মের নাম/ পরামর্শক
সমাজকল্যাণ মন্ত্রণালয়/সমাজসেবা অধিদপ্তর							
১। সাপোর্ট সার্ভিসেস প্রোগ্রাম ফর ভালনারেবল গ্রুপ	জুলাই ২০০৯ হতে জুন ২০১০	২০০০.০০	১৬.০০	১৬.০০	১৬.০০	-	বাংলাদেশ ইনস্টিটিউট অফ সোশ্যাল রিসার্চ-বিআইএসআর
শিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর							
২। উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্প (পর্যায়-৩)।	জুলাই ২০০৫ হতে জুন ২০০৮	১৮,৪৮৫.৯৯	১৮.৫০	১৮.৫০	১৮.৫০	-	পাথমার্ক এ্যাসোসিয়েটস লিঃ।
৩। টিচিং কোয়ালিটি ইমপ্রুভমেন্ট ইন সেকেন্ডারী এডুকেশন প্রজেক্ট	এপ্রিল ২০০৫ হতে সেপ্টেম্বর ২০১১	৬৪৪৭০.২৭	১৮.৫০	১৮.৫০	১৮.৫০	-	ইউসুফ এন্ড এ্যাসোসিয়েটস লিঃ
বাপাউ বোর্ড, ভুমি মন্ত্রণালয়, ডিপিএইচই, পরিবেশ ও বন মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।							
৪। চর ডেভেলপ-মেন্ট অ্যান্ড সেটেলমেন্ট প্রকল্প - ৩	জুলাই ২০০৫ হতে জুন, ২০১০	১৪৯৬৫.৩৫	২১.০০	২১.০০	২১.০০	-	রিসার্চ ইভ্যালুয়েশন এ্যাসোসিয়েটস ফর ডেভেলপ-মেন্ট (রীড)
বাংলাদেশ রেলওয়ে							
৫। বাংলাদেশ রেলওয়ে মেইন লাইন সেকশন সমুহের পুনর্বাসন (পশ্চিমাঞ্চল)	জুন, ১৯৯৫-জুলাই, ২০০৯	৪৫৮৯৩.৩৫	১৯.০০	১৯.০০	১৯.০০	-	মেসার্স টেকনোকনসাল্ট ইন্টারন্যাশনাল লিঃ
জনস্বাস্থ্য প্রকোশল অধিদপ্তর।							
৭। উপকূলীয় এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন (জিওবি-ড্যানিডা)	জানুয়ারী ২০০৬ থেকে জুন ২০০৯	১০২৪৭.৫১	১৮.৫০	১৮.৫০	১৮.৫০	-	ইউসুফ এন্ড এ্যাসোসিয়েটস লিঃ

সারণী-১৫ (খ) ঃ নিজস্ব জনবল দ্বারা পরিচালিত সমীক্ষা ঃ

(লক্ষ টাকায়)

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম	বাস্তবায়ন কাল	প্রাক্কলিত ব্যয়	আউট সোর্সিং এর জন্য বরাদ্দকৃত অর্থ	চুক্তি মুল্য	আউট সোর্সিং এর জন্য প্রকৃত ব্যয়	অবশিষ্ট ব্যয়	পরামর্শক ফার্মের নাম/ পরামর্শক
৮। অপ্রধান শস্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ কর্মসূচী মূল্যায়ন	জুলাই ২০০৫ হতে জুন ২০০৮ (মূল) ১৫ আগস্ট, ২০০৫ হতে ৩০ জুন, ২০০৯(প্রকৃত)	১৫২৫.৫৩	৭.৩০	৭.৩০	৭.৩০	-	ডঃ মোঃ শেখ গিয়াস উদ্দিন
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ জাতীয় মহিলা সংস্থা ।							
৯। গ্রামীণ মহিলা উন্নয়ন প্রকল্প((সংশোধিত)	জুলাই ২০০৪ হতে জুন ২০০৯	১০১৭.৮৪	৭.৩০	৭.৩০	-	-	ড. মোঃ সলিম উল্লাহ
পরিবেশ ও বন মন্ত্রণালয় ঃ							
১০।কমিউনিটি বেইজড সাসটেইন্যাবল ম্যানেজমেন্ট অব টাঙ্গুয়ার হাওড়।	ডিসেম্বর ২০০৬- আগস্ট ২০০৮	৩৯৩.২৭	৬.৩০	৬.৩০	-	-	জনাব হাবিব উল্লাহ মজুমদার

উপরোক্ত প্রকল্পের মুল্যায়ন কাজ শেষ করে চুড়ান্ত প্রতিবেদনগুলো সংশিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। প্রভাব মুল্যায়ন প্রতিবেদনগুলোতে সমাপ্ত প্রকল্পের সফল এবং দুর্বল দিকগুলো চিহ্নিত করা হয়েছে। পাশাপাশি ভবিষ্যতে প্রকল্পের সফল বাস্তবায়ন, বাস্তবায়িত প্রকল্প থেকে অর্জিত ফলাফল টেকসইকরণ এবং এতদ্‌বিষয়ে উদ্ভুত সমস্যা নিরসনে সুপারিশ প্রদান করা হয়েছে।

১৭। <u>'আউট-সোর্সিং' এর মাধ্যমে চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ ঃ</u>

এডিপিভুক্ত চলতি উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়নকালীন অগ্রগতি পরিবীক্ষণ ও সমাপ্ত ঘোষিত সকল প্রকল্পের সমাপ্তি উত্তর মূল্যায়ন আইএমইডি'র মূল দায়িত্বাবলীর অর্ন্তভুক্ত। তবে প্রকল্পের সংখ্যা ও ব্যাপ্তির তুলনায় আইএমইডি'র বিদ্যমান জনবল অপর্যাপ্ত থাকায় এবং কোন কোন বিশেষায়িত সেবাদানের ক্ষেত্রে কারিগরিভাবে দক্ষ জনবলের অভাবে আইএমইডি থেকে প্রযুক্তিগতভাবে জটিল, গুরুত্বপূর্ণ বৃহদাকার প্রকল্পসমূহের যথার্থ পরিবীক্ষণ সম্ভব হয় না। প্রসংগতঃ এ ধরণের নিবিড় পরিবীক্ষণের কাজে অধিক সময় ব্যয় হয় এবং প্রকল্পের মাঠ পর্যায়ের অগ্রগতির প্রকৃত তথ্য সংগ্রহ, বিন্যাস ও বিশ্লেষণপূর্বক গ্রহণযোগ্য এবং বিস্তারিত প্রতিবেদন প্রণয়নের প্রয়োজন হয়। এ পরিপ্রেক্ষিতে আর্থিক ও বাস্তব অগ্রগতির সার্বিক অবস্থা, জাতীয়ভাবে প্রকল্পের গুরুত্ব এবং কারিগরি দিক ইত্যাদি বিষয় বিবেচনায় এনে ২০১১-১২ অর্থ বছরে আউট-সোর্সিং-এর মাধ্যমে রাজস্ব বাজেটের আওতায় আইএমইডি কর্তৃক এ ধরনের নিবিড় পরিবীক্ষণের জন্য নিম্নে বর্ণিত ৬টি প্রকল্পে ফার্ম/ব্যক্তি পরামর্শক নিয়োগ করা হয় যা সারণী-১৬-তে দেয়া হলো। এ ছাড়াও ব্যক্তি পরামর্শক নিয়োগ করে "উন্নয়নমুলক প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ উদঘাটনপূর্বক বিস্তারিত প্রতিবেদন প্রণয়ন"-শীর্ষক অপর একটি বিশেষ সমীক্ষা সম্পাদন করা হয়েছে।

সারণী-১৬ ঃ ২০১১-২০১২ অর্থ বছরের পরামর্শক নিয়োগ সংক্রান্ত তথ্যাদি

(লক্ষ টাকায়)

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম	বাস্তবায়ন কাল	প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়	আউট সোর্সিংয়ের জন্য বরাদ্দকৃত অর্থ	চুক্তি মুল্য	আউটসোর্সিং য়ের জন্য প্রকৃত ব্যয়	অবশিষ্ট ব্যয়	ফার্ম/ ব্যক্তি পরামর্শক
১	২	৩	৪	৫	৬	৭	৮
২০১০-২০১১ অর্থবছরে নিয়োগপ্রাপ্ত ও পরবর্তীতে ২০১১-২০১২ অর্থবছরে স্পীল ওভার প্রকল্প :							
বিদ্যুৎ বিভাগ ঃ ১। কর্ণফুলী পানি বিদ্যুৎ কেন্দ্রের ৪র্থ ও ৫ম ইউনিটের পুনর্বাসন/ রিনোভেশন প্রকল্প	০১/০৭/০৬ হতে ৩০/০৬/১১	২৫৭৯৭.০৪	১০.০০	১০.০০	৯.৭২৫৭৪	০.২৭৪২৬	জনাব মোঃ গোলাম রাসুল
শিক্ষা মন্ত্রণালয় : ২। মাধ্যমিক শিক্ষা খাত উন্নয়ন প্রকল্প	জানুয়ারি, ২০০৭ হতে জুন, ২০১৩	১৯৮৩৩.১০	৯.৭৫	৯.৭৫	৮.৮৬৭৬৮	০.৮৮২৩২	জনাব কাজী আব্দুল কাদির
২০১১-২০১২ অর্থবছরে পরামর্শক নিয়োগ সংক্রান্ত তথ্যাদি :							
যোগাযোগ মন্ত্রণালয় ৩। উপজেলা ও ইউনিয়ন পোর্টেবল স্টীল ব্রীজ নির্মাণ (২য় সংশোধিত)	২০০৫-০৬ হতে ২০১২-১৩	৩০৬৯৮.০০	১৩.০০	১৩.০০	১২.১৩৪০৩	০.৮৬৫৯৭০	জনাব শৈলেন্দ্রনাথ সরকার
৪। জেলা সড়ক উন্নয়ন (ঢাকা জোন)	০১/০১/০৬ হতে ৩১/১২/১১	১২৮৪৪.০০	১২.০০	১২.০	১১.৮২	০.১৮	প্রকৌশলী শহীদুল হক
পানি সম্পদ মন্ত্রণালয়: ৫। উপকূলীয় এলাকায় ঘূর্ণিঝড় আইলার আঘাতে ক্ষতিগ্রস্থ বাপাউবোর্ড অব-কাঠামোসমুহ পুনর্বাসন প্রকল্প (দক্ষিণ-পশ্চিমাঞ্চল)	জুন, ২০১০ হতে জুন, ২০১৩	৩৪৬৬৩.২৮	১৫.০০	১৫.০০	৮.৬১৯৩০	৬.৩৮০৭০	জনাব মো: আবুল বাশার
৬। উন্নয়নমুলক প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ উদঘাটনপূর্বক বিস্তারিত প্রতিবেদন প্রণয়ন	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	১০.০০	১০.০০	১০.০০	--	জনাব সুভাষ চন্দ্র ঘোষ
২০১১-২০১২ অর্থবছরে নিয়োগ প্রাপ্ত ও পরবর্তীতে ২০১২-২০১৩ অর্থ বছরে স্পীল ওভার প্রকল্প :							
পানি সম্পদ মন্ত্রণালয় ৭। পাবনা জেলার সুজানগর উপজেলার গাজনার বিলের সংযোগ নদী খনন, সেচ সুবিধার উন্নয়ন এবং মৎস্য চাষ- গত অর্থ বছরে কার্যাদেশ প্রাপ্ত ও চলতি অর্থ বছরে স্থানান্তরিত।	জানুয়ারি ২০১০ থেকে জুন ২০১৩	৩৬১৭১.০০	১০.০০	১০.০০	১.০০	-	জনাব মো: আতিকুল ইসলাম

১৮। **বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় চিহ্নিত সমস্যা ও সুপারিশ** ঃ

উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণের দীর্ঘদিনের অভিজ্ঞতা থেকে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রতা ও ব্যয় অতিক্রান্তিসহ বিভিন্ন সমস্যা চিহ্নিত করেছে। ২০১১-১২ অর্থ বছরে এডিপি বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক কতিপয় গুরুত্বপূর্ণ চিহ্নিত সমস্যা সমাধানের সুপারিশসহ নিম্নে উপস্থাপন করা হলো ঃ

ক্রঃনং	সমস্যাসমূহ	সুপারিশমালা
১।	প্রকল্প প্রনয়ণকালে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় অর্থ প্রাপ্তি ও বাস্তবায়নের সামর্থ্য বিবেচনা না করে প্রকল্প গ্রহণ করা হয়। ফলে প্রকল্প সংখ্যা/কাজের পরিধি বেড়ে যাওয়ায় গুরুত্ব সহকারে প্রকল্পের কার্যক্রম তদারকি করা যায় না। এছাড়া, ডিপিপি'তে বছর ভিত্তিক যে পরিমাণ অর্থের সংস্থান থাকে সে পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করাও সম্ভব হয় না।	নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে পরবর্তী বছরসমূহে প্রকল্প বাস্তবায়নের সামর্থ্য বিবেচনা করে প্রকল্পের সংখ্যা ও পরিধি এবং সরকারের আর্থিক সামর্থ্য বিবেচনা করে ডিপিপি'তে বছর ভিত্তিক অর্থের সংস্থান নির্ধারণ করা, যাতে ডিপিপি'র পরিকল্পিত সময়ে প্রকল্প সমাপ্ত করা যায়। সর্বোপরি প্রকল্পের ডিপিপি যথেষ্ট Professionally প্রণয়ন করতে হবে।
২।	Critical Path অনুসরণ করে প্রকল্পের বাস্তব ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও অনুসরণ করা হয় না।	Critical Path অনুসরণ করে প্রকল্পের বাস্তবভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও অনুসরণ করতে হবে।
৩।	প্রকল্প পরিচালক, সংস্থা, মন্ত্রণালয়/বিভাগ ইত্যাদি বিভিন্ন পর্যায়ে এডিপি ও প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পর্যালোচনা করা হয় না।	প্রকল্প পরিচালক, সংস্থা, মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে এডিপি ও প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পর্যালোচনা করে, পর্যালোচনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত কিছু সংখ্যক প্রকল্প আইএমইডি পৃথকভাবে প্রতিমাসে পর্যালোচনা করতে পারে।
৪।	এডিপি বাস্তবায়নের নিমিত্ত প্রণীত বাৎসরিক ক্রয় পরিকল্পনা (পণ্য, কার্য ও সেবা) নিয়মিতভাবে পর্যালোচনা করা হয় না।	প্রকল্প পরিচালক কর্তৃক নিয়মিতভাবে প্রকল্পের বাৎসরিক ক্রয় -পরিকল্পনা পর্যালোচনাপূর্বক তা প্রয়োজনে হালনাগাদ করতে হবে এবং তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫।	কর্ম-পরিকল্পনা প্রণয়নকালে আবহাওয়া ও অন্যান্য প্রাকৃতিক বিষয় বিবেচনা করা হয় না। ফলে বর্ষাকালে কাজ করতে না পারার অজুহাতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রবণতা লক্ষ্য করা যায়।	কর্মপরিকল্পনা প্রণয়নকালে ঋতুবৈচিত্র্য, আবহাওয়া ও অন্যান্য প্রাকৃতিক বিষয় বিবেচনা করে বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।
৬।	গুরুত্বপূর্ণ/অধিক বরাদ্দপ্রাপ্ত প্রকল্পের ক্ষেত্রে পূর্ণকালীণ প্রকল্প পরিচালক না থাকায় একাধিক দায়িত্বপ্রাপ্ত প্রকল্প পরিচালকগণ প্রকল্পের জন্য প্রয়োজনীয় সময় ও মনোযোগ প্রদান করতে পারেন না। এছাড়া ঘন ঘন প্রকল্প পরিচালক বদলীও প্রকল্পের কার্যক্রমকে ব্যাহত করে।	প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ নিশ্চিত করতে হবে। প্রকল্প পরিচালক বদলী সংক্রান্ত মাননীয় পরিকল্পনা মন্ত্রীর নেতৃত্বে বিদ্যমান কমিটির সুপারিশ/অনাপত্তি গ্রহণ নিশ্চিত করতে হবে।
৭।	যে সকল প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণ প্রয়োজন হয়, সে সকল প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণের সময় বিবেচনা করে প্রকল্পের বাস্তবায়নকাল নির্ধারণ করা হয় না।	প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণের সময় বিবেচনা করে প্রকল্পের বাস্তবায়নকাল নির্ধারণ করতে হবে।

ক্রঃনং	সমস্যাসমূহ	সুপারিশমালা
৮)	ভূমি অধিগ্রহণের প্রচলিত আইনসমূহ মেনে ভূমি অধিগ্রহণ করতে যথেষ্ট সময় ক্ষেপণ হয়। এক্ষেত্রে ভূমি অধিগ্রহণজনিত ক্ষতিপূরণ বাবদ কম মূল্য পরিশোধ করা হয়। সরকারী ও বৈদেশিক সাহায্যে বাস্তবায়িত অর্থে প্রকল্পের ক্ষেত্রে দ্বৈত - নীতি উল্লেখযোগ্য।	ভূমি অধিগ্রহণের প্রচলিত আইনের সংশোধন করা যেতে পারে। ভূমি অধিগ্রহণজনিত ক্ষতিপূরণের পরিমাণ বৃদ্ধি করা, দ্বৈত-নীতি পরিহার করা এবং ভূমির ব্যবহার হ্রাসের লক্ষ্যে উর্দ্ধমূখী সম্প্রসারণ নীতি গ্রহণ করা যেতে পারে।
৯)	প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন ইউনিটের জনবল অর্থ বিভাগের একটি কমিটির মাধ্যমে নির্ধারিত হয়। উক্ত কমিটি কর্তৃক জনবল নির্ধারণের পর 'পিইসি' সভায় প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পুঙ্খানুপুঙ্খ বিচার বিশ্লেষণ করে প্রকল্প অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। এতে প্রায়ই লক্ষ্য করা যায় যে, জনবলের কাঠামো সঠিক না থাকায় প্রকল্পের কার্যক্রম ব্যাহত হয়।	প্রকল্পের সকল বিষয়ের ন্যায় জনবল সম্পর্কিত বিষয়ও অর্থ বিভাগের জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটির পরিবর্তে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) কর্তৃক অনুমোদনের সুপারিশ করা সমীচীন হবে। যেহেতু পিইসি'তে অর্থ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধিও থাকে এবং প্রকল্পের সকল দিক এ কমিটি পর্যালোচনা করে, তাই এ কমিটি কর্তৃক আরও যৌক্তিকভাবে জনবল নির্ধারণ করা যাবে।

উপসংহার ঃ

বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাঙ্খিত সাফল্য নির্ভর করে সঠিকভাবে প্রকল্প নির্বাচন, প্রণয়ন, সময়োচিত ও যথাযথ প্রক্রিয়াকরণ, সময়মত বাস্তবায়ন এবং নিবিড় পরিবীক্ষণের ওপর। ২০১১-১২ অর্থ বছরের এডিপি বাস্তবায়নের হার ৯৩%, পূর্ববর্তী বছরের চেয়ে ১% বেশী যা উৎসাহব্যঞ্জক। তবে এ ক্ষেত্রে আরও উন্নয়নের সুযোগ রয়েছে। উল্লিখিত সুপারিশসমূহ কার্যকর করা হলে এডিপি বাস্তবায়নের ক্ষেত্রে প্রায় শতভাগ সাফল্য অর্জিত হবে বলে আশা করা যায়। 'এনইসি'/'একনেক'/কেবিনেটসহ বিভিন্ন উচ্চ পর্যায়ের দিক-নির্দেশনার আলোকে ব্যাপক কর্মসংস্থান ও মানব সম্পদের উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টা একান্ত আবশ্যক।

১৯। প্রতিবেদনটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী দেখেছেন এবং 'এনইসি'-তে উপস্থাপনের জন্য সম্মতি প্রদান করেছেন।

(মোঃ মোজাম্মেল হক খান)
সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

তারিখ ঃ ০৯ পৌষ ১৪১৯ / ২৩ ডিসেম্বর ২০১২